ন্যস্তবর্ম্মা বিশেষেণ শ্রান্তশ্চাপ্সু পরিপ্লুতঃ।
ভৃশং বিক্ষতগাত্রশ্চ হতবাহনসৈনিকঃ ॥৫১॥
সর্ব্বোপকরণৈর্হীনং বর্ম্মশস্ত্রবিবর্জ্জিতম্।
একাকিনং যুধ্যমানং পশ্যন্তু দিবি দেবতাঃ ॥৫২॥
অবশ্যমেব যোদ্ধব্যং সর্ব্বৈরেব ময়া সহ।
যুক্তং ন যুক্তমিত্যেতদ্বেৎসি ত্বঞ্চৈব সর্বদা ॥৫৩॥

যুধিষ্ঠির উবাচ।

মা ভূদিয়ং তব প্রজ্ঞা কথমেকং সুযোধন!।
যদাভিমন্যুং বহবো জঘ্নুর্যুধি মহারথাঃ ॥৫৪॥
ক্ষত্রধর্ম্মং ভৃশং ক্রূরং নিরপেক্ষং সুনির্ঘৃণম্।
অন্যথা তু কথং হন্যুরভিমন্যুং তথাগতম্ ॥৫৫॥

ভারতকৌমুদী

ন্যস্তেতি। ন্যস্তবর্ম্মা হীনকবচঃ। অপ্সু জলে ॥৫১॥
সর্ব্বেতি। সর্ব্বোপকরণৈ রথাদিভিঃ। দিবি গগনে স্থিতাঃ ॥৫২॥
অবশ্যমিতি। যুক্তং ন যুক্তঞ্চ, সর্ব্বৈঃ সহৈকস্য যোধনম্ ॥৫৩॥
মেতি। ইয়মীদৃশী, প্রজ্ঞা বুদ্ধিঃ ॥৫৪॥

ভারতভাবদীপঃ

মধ্যে একমপি হত্বা ত্বং রাজ্যং প্রাপ্স্যসীত্যর্থঃ ॥২৬—৫৪॥ ক্ষত্রধর্ম্মম্ অস্তীতি শেষঃ। "ধর্ম্মোঽস্ত্রী পুণ্যে আচারে" ইতি মেদিনী ॥৫৫—৭০॥

ইতি শল্যপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিংশোঽধ্যায়ঃ ॥৩০॥

যুদ্ধ করিতে আগমন কর। কারণ, রণস্থলে একজন বীরের সহিত বহুতর বীরের যুদ্ধ করা উচিত নহে ॥৫০॥

বিশেষতঃ, আমি বর্ম্মবিহীন, পরিশ্রান্ত, জলে পরিপ্লুত এবং অত্যন্ত ক্ষত-বিক্ষত-দেহ; তার পর আমার সমস্ত বাহন ও সমস্ত সৈন্য নিহত হইয়াছে ॥৫১॥

যুদ্ধের সমস্ত উপকরণবিহীন, বর্ম্মশূন্য, নিরস্ত্র ও একাকী হইয়াও আমি যুদ্ধ করিতেছি, ইহা দেবতারা আকাশে থাকিয়া দর্শন করুন ॥৫২॥

যুধিষ্ঠির! আমি নিশ্চয়ই তোমাদের সকলের সহিতই যুদ্ধ করিব; কিন্তু বহু-ব্যক্তির সহিত একজনের যুদ্ধ করা সঙ্গত বা অসঙ্গত তাহা তুমি জান' ॥৫৩॥

যুধিষ্ঠির বলিলেন—'দুর্য্যোধন! যখন বহু মহারথ মিলিত হইয়া, যুদ্ধে একমাত্র অভিমন্যুকে বধ করিয়াছিলে; তখন তোমার এ প্রকার বুদ্ধি হয় নাই কেন? ॥৫৪॥

(৫৩)···সর্ব্বৈরেভির্ময়া সহ···পি।

সর্ব্বে ভবন্তো ধর্ম্মজ্ঞাঃ সর্বে শূরাস্তনুত্যজঃ।
ন্যায়েন যুধ্যতাং প্রোক্তা শক্রলোকগতিঃ পরা ॥৫৬॥
যদ্যেকস্তু ন হন্তব্যো বহুভির্ধর্ম্ম এষ বঃ।
তদাভিমন্যুং বহবো নিজঘ্নুস্ত্বন্মতে কথম্ ॥৫৭॥
সর্ব্বো বিমৃষতে জন্তুঃ কৃচ্ছ্রস্থো ধর্ম্মদর্শনম্।
পদস্থঃ পিহিতং দ্বারং পরলোকস্য পশ্যতি ॥৫৮॥
আমুঞ্চ কবচং বীর! মূর্দ্ধজান্ যময়স্ব চ।
যচ্চান্যদপি তে নাস্তি তদপ্যাদৎস্ব ভারত! ॥৫৯॥
ইমমেকঞ্চ তে কামং বীর! ভূয়ো দদাম্যহম্।
পঞ্চানাং পাণ্ডবেয়ানাং যেন যুদ্ধমিহেচ্ছসি ॥৬০॥

ভারতকৌমুদী

ক্ষত্রেতি। ক্রূরং কঠিনম্। সুনির্ঘৃণমতীবনির্দ্দয়ম্। তথাগতং বিপন্নম্ ॥৫৫॥
সর্ব্ব ইতি। তনুত্যজো যুদ্ধে দেহত্যাগোদ্যতাঃ। যুধ্যতাং যুধ্যমানানাম্ ॥৫৬॥
যদীতি। ত্বন্মতে তব মতানুসারেণেত্যর্থঃ ॥৫৭॥
সর্ব ইতি। বিমৃষতে অন্বিষ্যতি। পদস্থঃ সম্পন্নঃ, পিহিতমাবৃতম্ ॥৫৮॥
আমুঞ্চেতি। আমুঞ্চ পরিধেহি, মূর্দ্ধজান্ কেশান্, যময়স্ব বধান। অন্যদ্রথাদিকম্। আদৎস্ব গৃহাণ। এতৎ সর্ব্বমপি তবাহং দদামীতি ভাবঃ ॥৫৯॥
ইমমিতি। কামং যথেচ্ছম্। যেন সার্দ্ধমিতি শেষঃ ॥৬০॥

ক্ষত্রিয়ধর্ম্ম অত্যন্ত কঠিন ও অত্যন্ত নির্দ্দয় এবং কোন সম্পর্কের অপেক্ষা রাখে না। না হইলে, মহারথেরা সেইরূপ বিপন্ন অভিমন্যুকে কেন বধ করিবেন? ॥৫৫॥

তখন তোমরা সকলেই ধর্ম্মজ্ঞ, বীর এবং যুদ্ধে দেহত্যাগ করিতে উদ্যত ছিলে। আর ন্যায় অনুসারে যুদ্ধকারী বীরগণের ইন্দ্রলোকে উত্তম গতিও ত ধর্ম্মশাস্ত্রে কথিত হইয়াছে ॥৫৬॥

কিন্তু একজনকে বহুব্যক্তির বধ করা উচিত নহে; এইরূপই যদি তোমাদের ধর্ম্ম, তবে তোমার মত অনুসারে বহু ব্যক্তি মিলিত হইয়া এক অভিমন্যুকে বধ করিয়াছিলেন কেন? ॥৫৭॥

সমস্ত মানুষই বিপন্ন অবস্থায় ধর্ম্মের অনুসন্ধান করে; আর সম্পৎকালে তাহারাই পরলোকের দ্বারকে আবৃত দেখে ॥৫৮॥

ভরতনন্দন! তুমি কবচ ধারণ কর, কেশ বন্ধন কর এবং তোমার অন্য যে যে যুদ্ধের উপকরণ নাই, তাহাও গ্রহণ কর (আমি তোমাকে সমস্তই দিতেছি) ॥৫৯॥

(৫৭) অথৈকস্তু ··ধর্ম্ম এব তু···পি। (৬০) ··পাঞ্চালপাণ্ডবেয়ানাং···পি।

তং হত্বা ভব রাজা বৈ হতো বা স্বর্গমাপ্নুহি।
ঋতে চ জীবিতাদ্বীর! যুদ্ধে কিং কর্ম্ম তে প্রিয়ম্ ॥৬১॥
সঞ্জয় উবাচ।
ততস্তব সুতো রাজন্! বর্ম্ম জগ্রাহ কাঞ্চনম্।
বিচিত্রঞ্চ শিরস্ত্রাণং জাম্বূনদপরিষ্কৃতম্ ॥৬২॥
সোঽববদ্ধশিরস্ত্রাণঃ শুভকাঞ্চনবর্ম্মভৃৎ।
ররাজ রাজন্! পুত্রস্তে কাঞ্চনঃ শৈলরাড়িব ॥৬৩॥
সন্নদ্ধঃ স গদী রাজন্! সজ্জঃ সংগ্রামমূর্দ্ধনি।
অব্রবীৎ পাণ্ডবান্ সর্বান্ পুত্রো দুর্য্যোধনস্তব ॥৬৪॥
ভ্রাতৄণাং ভবতামেকো যুধ্যতাং গদয়া ময়া।
সহদেবেন বা যোৎস্যে ভীমেন নকুলেন বা ॥৬৫॥

ভারতকৌমুদী

তমিতি। ঋতে বিনা, জীবিতাৎ জীবনাৎ, তব জীবনরক্ষণং বিনেত্যর্থঃ ॥৬১॥
তত ইতি। কাঞ্চনস্যেদমিতি কাঞ্চনম্। জাম্বূনদপরিষ্কৃতং স্বর্ণভূষিতম ॥৬২॥
স ইতি। অববদ্ধং শিরসি ধৃতং শিরস্ত্রাণং যেন সঃ। কাঞ্চনঃ স্বর্ণময়ঃ ॥৬৩॥
সন্নদ্ধ ইতি। সন্নদ্ধো ধৃতবর্ম্মাদিঃ, গদী গদাবান্ ॥৬৪॥
ভ্রাতৄণামিতি। ময়া সহ। পরার্দ্ধেঽপি সহেতি শেষঃ ॥৬৫॥

বীর! তুমি পঞ্চপাণ্ডবের মধ্যে যাঁহার সহিত যুদ্ধ করিবার ইচ্ছা কর, তোমার সেই ইচ্ছা অনুসারে এই আমি আবার তাঁহাকেও দিতেছি ॥৬০॥

বীর! তুমি তাঁহাকে বধ করিয়া রাজা হও; কিংবা তাঁহার হাতে নিহত হইয়া স্বর্গ লাভ কর। (মোট কথা—) তোমার জীবন রক্ষা ব্যতীত অন্য কোন্ প্রিয়-কার্য্য করিব তাহাও বল' ॥৬১॥

সঞ্জয় বলিলেন—'রাজা! তাহার পর আপনার পুত্র দুর্য্যোধন স্বর্ণময় বর্ম্ম এবং স্বর্ণভূষিত বিচিত্র শিরস্ত্রাণ গ্রহণ করিলেন ॥৬২॥

রাজা! তখন আপনার পুত্র দুর্য্যোধন মস্তকে শিরস্ত্রাণ বন্ধন এবং দেহে স্বর্ণময় বর্ম্ম ধারণ করিয়া, স্বর্ণময় পর্ব্বতরাজ সুমেরুর ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥৬৩॥

মহারাজ! আপনার পুত্র দুর্য্যোধন শিরস্ত্রাণ ও বর্ম্ম ধারণ করিয়া হস্তে গদা লইয়া, যুদ্ধে প্রস্তুত হইয়া, রণস্থলে দাঁড়াইয়া পাণ্ডবগণকে বলিলেন—॥৬৪॥

(৬১) তং হত্বা বৈ ভবান্ রাজা!...বঙ্গ বর্দ্ধ নি। (৬৩) সোঽয়ং বদ্ধশিরস্ত্রাণঃ...পি। (৬৪) সন্নদ্ধঃ সগদো রাজন্!...পি নি।

অথবা ফাল্গুনেনাদ্য ত্বয়া বা ভরতর্ষভ ! ।
যোৎস্যেঽহং সঙ্গরং প্রাপ্য বিজেষ্যে চ রণাজিরে ॥৬৬॥
অহমদ্য গমিষ্যামি বৈরস্যান্তং সুদুর্গমম্ ।
গদয়া পুরুষব্যাঘ্র ! হেমপট্টনিবদ্ধয়া ॥৬৭॥
গদাযুদ্ধে ন মে কশ্চিৎ সদৃশোঽস্তীতি চিন্তয়ে ।
গদয়া বো হনিষ্যামি সর্বানেব সমাগতান্ ॥৬৮॥
ন মে সমর্থাঃ সর্বে বৈ যোদ্ধুং ন্যায়েন কেচন ।
ন যুক্তমাত্মনা বক্তুমেবং গর্বোদ্ধতং বচঃ ।
অথবা সফলং হ্যেতৎ করিষ্যে ভবতাং পুরঃ ॥৬৯॥
অস্মিন্ মুহূর্ত্তে সত্যং বা মিথ্যা বৈতদ্ভবিষ্যতি ।
গৃহ্লাতু চ গদাং যো বৈ যোৎস্যতেঽদ্য ময়া সহ ॥৭০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শল্যপর্ব্বণি গদাযুদ্ধে যুধিষ্ঠিরদুর্য্যোধনসংবাদে ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

অথবেতি। ফাল্গুনেন অর্জ্জুনেন সহ। সঙ্গরং যুদ্ধম্ ॥৬৬॥

অহমিতি। বৈরস্যান্তং গমিষ্যামি, যুষ্মাকং হননেন আত্মবিনাশেন বেতি ভাবঃ ॥৬৭॥

গদেতি। বো যুষ্মান্ ॥৬৮॥

নেতি। আত্মনা স্বয়ম্। পুনঃ সম্মুখ এব। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৯॥

'মহারাজ! আপনাদের ভ্রাতাদের মধ্যে যে কোন একজন আমার সহিত গদাযুদ্ধ করুন। আমি কি সহদেব, ভীম অথবা নকুলের সহিত যুদ্ধ করিব ? ॥৬৫॥

ভরতশ্রেষ্ঠ! অর্জ্জুন বা আপনার সহিত যুদ্ধ করিব। (স্থূল কথা—) আজ আমি রণস্থলে জয়লাভই করিব ॥৬৬॥

পুরুষশ্রেষ্ঠ! আজ আমি স্বর্ণপট্টবেষ্টিত এই গদাদ্বারা আপনাদের সহিত শক্রতার অবসান করিব ॥৬৭॥

আমি মনে করি—গদাযুদ্ধে আমার তুল্য কেহই নাই। সুতরাং আমি এই গদাদ্বারা রণস্থলে সমাগত আপনাদের সকলকেই বিনাশ করিব ॥৬৮॥

রাজা! 'আপনারা সকলে কিংবা অন্যান্য যে কোন ব্যক্তি আমার সহিত গদাযুদ্ধ করিতে সমর্থ হইবেন না' নিজে এইরূপ গর্ব্বিত বাক্য বলা সঙ্গত নহে বটে; তবে আমার এই বাক্য আপনাদের সম্মুখেই আমি সফল করিব ॥৬৯॥

(৬৯)···যোদ্ধুং ন্যায্যে কদাচন·· এবংস্তব কৃতং বচঃ···পি। * ···'দ্বাত্রিংশত্তমোঽধ্যায়ঃ···' পি বঙ্গ বৰ্দ্ধ বা সো নি।

একত্রিংশোঽধ্যায়ঃ।

——:-০-:——

সঞ্জয় উবাচ।

এবং দুর্য্যোধনে রাজন্! গর্জমানে মুহুর্মুহুঃ।
যুধিষ্ঠিরস্য সংক্রুদ্ধো বাসুদেবোঽব্রবীদিদম্ ॥১॥
যদি নাম হ্যয়ং যুদ্ধে বরয়েত্ত্বাং যুধিষ্ঠির!।
অর্জ্জুনং নকুলঞ্চৈব সহদেবমথাপি বা ॥২॥
কিমিদং সাহসং রাজন্! ত্বয়া ব্যাহৃতমীদৃশম্।
একমেব নিহত্যাজৌ ভব রাজা কুরুষ্বিতি ॥৩॥
এতেন হি কৃতা যোগ্যা বর্ষাণীহ ত্রয়োদশ।
আয়সে পুরুষে রাজন্! ভীমসেনজিঘাংসয়া ॥৪॥

ভারতকৌমুদী

অস্মিন্নিতি। এতন্মম বাক্যম্। যো যোঽদ্যতে স গদাং গৃহ্লাতু ॥১০॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শল্যপর্ব্বণি গদাযুদ্ধে ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

——:০:——

এবমিতি। যুধিষ্ঠিরস্য সম্বন্ধে ॥১॥

যদীতি। অয়ং দুর্য্যোধনঃ, জনাস্তিকবদুক্তিরিয়ম্ ॥২॥

কিমিতি। সাহসং সাহসসম্বদ্ধম্, ব্যাহৃতমুক্তম্। কুরুষু কুরুদেশে ॥৩॥

এই মুহূর্ত্তেই আমার এই বাক্য সত্য বা মিথ্যা হইবে; অতএব যিনি আজ আমার সহিত যুদ্ধ করিবেন, তিনি গদা গ্রহণ করুন' ॥১০॥

——০:*:০——

সঞ্জয় বলিলেন—'রাজা! দুর্য্যোধন এইরূপ মুহুর্মুহু গর্জ্জন করিতে লাগিলে, কৃষ্ণ যুধিষ্ঠিরের উপরে অত্যন্ত ক্রুদ্ধ হইয়া এই কথা বলিলেন—॥১॥

'ধর্ম্মরাজ! দুর্য্যোধন যদি এই গদাযুদ্ধে আপনাকে, অর্জ্জুনকে, নকুলকে কিংবা সহদেবকে বরণ করে, (তাহা হইলে কি উপায় হইবে) ॥২॥

রাজা! আপনি এইরূপ সাহসের বিষয় কেন বলিলেন যে, 'আমাদের মধ্যে একজনকে বধ করিয়াই তুমি কুরুরাজ্যের রাজা হও' ॥৩॥

(৩)··ত্বয়া ব্যাখ্যাতমীদৃশম্···পি। (৪)···কৃতো যত্নো···পি।

কথং নাম ভবেৎ কার্য্যমস্মাভির্ভরতর্ষভ!।
সাহসং কৃতবাংস্ত্বন্তু হ্যনুক্রোশান্নৃপোত্তম! ॥৫॥
নান্যমদ্যানুপশ্যামি প্রতিযোদ্ধারমাহবে।
ঋতে বৃকোদরাৎ পার্থাৎ স চ নাতিকৃতশ্রমঃ ॥৬॥
তদিদং দ্যূতমারব্ধং পুনরেব যথা পুরা।
বিষমং শকুনেশ্চৈব তব চৈব বিশাংপতে! ॥৭॥
বলী ভীমঃ সমর্থশ্চ কৃতী রাজা সুযোধনঃ।
বলবান্ বা কৃতী বেতি কৃতী রাজন্! বিশিষ্যতে ॥৮॥
সোঽয়ং রাজন্! ত্বয়া শত্রুঃ সমে পথি নিবেশিতঃ।
ন্যস্তশ্চাত্মা সুবিষমে কৃচ্ছ্রমাপাদিতা বয়ম্ ॥৯॥

ভারতকৌমুদী

এতেনেতি। যোগ্যা প্রহারাভ্যাসঃ, "যোগ্যঃ প্রবীণে"ত্যাদ্যুপক্রম্য "স্ত্র্যভ্যাসার্ক-যোষিতোঃ" ইতি মেদিনী। আয়সে লৌহময়ে ॥৪॥

কথমিতি। কার্য্যং রাজ্যাধিকাররূপং কর্ম্ম। অনুক্রোশাদ্দয়াতঃ ॥৫॥

নেতি। ঋতে বিনা। নাতিকৃতশ্রমো গদাযুদ্ধশিক্ষায়াম্ ॥৬॥

তদিতি। দ্যূতং দ্যূতবৎ সাহসিকং কর্ম্ম। বিষমং বিপজ্জনকম্ ॥৭॥

বলীতি। বলী দুর্য্যোধনাপেক্ষয়াধিকবলঃ, সমর্থো দীর্ঘকালং যুদ্ধকরণে শক্তিমান্, কৃতী গদাযুদ্ধে ভীমাপেক্ষয়া অধিকনিপুণঃ। বিশিষ্যতে অতিরিচ্যতে ॥৮॥

রাজা! এই দুর্য্যোধন ভীমসেনকে বধ করিবার ইচ্ছা করিয়া, এই ত্রয়োদশ বৎসর যাবৎ একটা লৌহময় পুরুষের উপরে গদাপ্রহারের অভ্যাস করিয়াছে ॥৪॥

ভরতশ্রেষ্ঠ রাজপ্রধান! আমরা কি করিয়া এখন কার্য্য সম্পাদন করিব। আপনি দুর্য্যোধনের প্রতি দয়াবশতঃ সাহসের কার্য্য করিয়া ফেলিয়াছেন ॥৫॥

আজ পৃথানন্দন ভীমসেনব্যতীত যুদ্ধে দুর্য্যোধনের প্রতিযোদ্ধা অন্য কাহাকেও দেখিতেছি না; অথ চ ভীমসেন গদাযুদ্ধশিক্ষায় অধিক পরিশ্রম করেন নাই ॥৬॥

নরনাথ! আপনি পূর্ব্বে যেমন শকুনির সহিত বিষম দ্যূতক্রীড়া করিয়াছিলেন, আজও সেইরূপ বিষম কার্য্য করিতে আরম্ভ করিয়াছেন ॥৭॥

রাজা! ভীমসেন দুর্য্যোধন অপেক্ষা অধিক বলশালী এবং কষ্টসহিষ্ণু বলিয়া দীর্ঘকাল যুদ্ধ করিতেও সমর্থ; কিন্তু রাজা দুর্য্যোধন ভীম অপেক্ষা গদাযুদ্ধশিক্ষা-বিষয়ে অধিক নিপুণ। তাহা হইলেও বলবান্ ও শিক্ষানিপুণ এই উভয়ের মধ্যে শিক্ষানিপুণই শ্রেষ্ঠ ॥৮॥

(৬) নান্যমস্মাসু পশ্যামি...পি, নান্যমদ্যানুপশ্যামি—নি। (৮) বলবৎকৃতিনোর্মধ্যে...পি।

কো নু সর্ব্বান্ বিনির্জ্জিত্য শত্রূনেকেন বৈরিণা।
কৃচ্ছ্রপ্রাপ্তেন চ তথা হারয়েদ্রাজ্যমাগতম্ ॥১০॥
নহি পশ্যামি তং লোকে যোঽদ্য দুর্য্যোধনং রণে।
গদাহস্তং বিজেতুং বৈ শক্তঃ স্যাদমরোঽপি হি ॥১১॥
ন ত্বং ভীমো ন নকুলঃ সহদেবোঽথ ফাল্গুনঃ।
জেতুং ন্যায়েন শক্তো বৈ কৃতী রাজা সুযোধনঃ ॥১২॥
স কথং বদসে শত্রুং যুধ্যস্ব গদয়েতি হি।
একঞ্চ নো নিহত্যাজৌ ভব রাজেতি ভারত ! ॥১৩॥
বৃকোদরং সমাসাদ্য সংশয়ো বিজয়ে হি নঃ।
ন্যায়তো যুধ্যমানানাং কৃতী হ্যেষ মহাবলঃ ॥১৪॥

ভারতকৌমুদী

তৎফলমাহ স ইতি। সমে সুবিধাকরে। সুবিষমে অতিবিপদি, আপাদিতাঃ প্রাপিতাঃ। বলবদপেক্ষয়া শিক্ষানিপুণত্বাধিকতয়া দুর্য্যোধনেন ভীমস্য পরাজয়সম্ভবাদিতি ভাবঃ ॥৯॥
উক্তাশঙ্কয়া নিন্দতি ক ইতি। কৃচ্ছ্রপ্রাপ্তেন বিপন্নেন। আগতং হস্তপ্রাপ্তম্ ॥১০॥
অথ যদি ভীম এব দুর্য্যোধনং জয়েদিত্যাহ নহীতি। অমরো মৃত্যুশূন্যো দেবোঽপি ॥১১॥
অতএবাহ নেতি। ফাল্গুনোঽর্জ্জুনঃ। কৃতিত্বাদেবেত্যাশয়ঃ ॥১২॥
যুধিষ্ঠিরোক্তিমনূদ্যৈব তমুপালভতে স ইতি। নঃ অস্মাকং মধ্যে ॥১৩॥
সঙ্কলিতমাহ বৃকোদরমিতি। এষ দুর্য্যোধনঃ ॥১৪॥

অতএব রাজা! আপনি শত্রুকে সুবিধার দিকে রাখিয়াছেন এবং নিজেকে বিপদে ফেলিয়াছেন; আর আমাদিগকেও কষ্টে নিপাতিত করিয়াছেন ॥৯॥

কোন্ ব্যক্তি সমস্ত শত্রু জয় করিয়া, বিপদাপন্ন একজন শত্রুদ্বারা প্রায় হস্তগত রাজ্যকে হারায়? ॥১০॥

দেবতা হইলেও আমি জগতে তেমন লোক দেখি না, যে লোক আজ গদাধারী দুর্য্যোধনকে যুদ্ধে জয় করিতে সমর্থ হয় ॥১১॥

আপনি, ভীমসেন, অর্জ্জুন, নকুল কিংবা সহদেব ন্যায়যুদ্ধে শিক্ষানিপুণ দুর্য্যোধনকে জয় করিতে সমর্থ নহেন ॥১২॥

অতএব ভরতনন্দন! সেই আপনি কি করিয়া শত্রুকে বলিলেন যে, 'তুমি গদাদ্বারা যুদ্ধ কর এবং আমাদের মধ্যে একজনকে জয় করিয়াই রাজা হও' ॥১৩॥

(১০)··· শত্রূনেকেন বৈ রণে···পি। (১২) ফাল্গুনো বা ভবান্ বাথ মাদ্রীপুত্রাবথাপি বা। ন সমর্থানহং মন্যে গদাহস্তস্য সংযুগে ॥ নি।

নূনং ন রাজ্যভাগেষা পাণ্ডোঃ কুন্ত্যাশ্চ সন্ততিঃ।
অত্যন্তবনবাসায় সৃষ্টা ভৈক্ষায় বা পুনঃ ॥১৫॥

ভীমসেন উবাচ।

মধুসূদন! মা কার্ষীর্বিষাদং যদুনন্দন!।
অদ্য পারং গমিষ্যামি বৈরস্য ভৃশদুর্গমম্ ॥১৬॥
অহং সুযোধনং সংখ্যে হনিষ্যামি ন সংশয়ঃ।
বিজয়ো বৈ ধ্রুবং কৃষ্ণ! ধর্ম্মরাজস্য দৃশ্যতে ॥১৭॥
অধ্যর্দ্ধেন গুণেনেয়ং গদা গুরুতরী মম।
ন তথা ধার্ত্তরাষ্ট্রস্য মা কার্ষীর্মাধব! ব্যথাম্ ॥১৮॥

ভারতকৌমুদী

অতিদুঃখাদাহ নূনমিতি। সৃষ্টা বিধাত্রা। ভৈক্ষায় চিরং ভিক্ষাকরণায় ॥১৫॥
মধ্বিতি। বিষাদাকরণে হেতুমাহ অদ্যেতি। পারম্ অবসানম্ ॥১৬॥
কুতঃ পারং গমিষ্যসীত্যাহ অহমিতি। সংখ্যে যুদ্ধে ॥১৭॥
জয়ে যুক্তিমাহ অধীতি। অধিকমর্দ্ধং যস্য তেন, গুরুতরী ভারবতী ॥১৮॥

ভারতভাবদীপঃ

এবমিতি ॥১—৩॥ যোগ্যা অভ্যাসঃ। "যোগ্যঃ প্রবীণে"ত্যাদ্যুপক্রম্য "স্ত্র্যভ্যাসার্ক-যোষিতোঃ" ইতি মেদিনী ॥৪—৬॥ শকুনেশ্চ তব চ যথা পুরা তথৈবেদমিতি দ্বয়োঃ সম্বন্ধঃ ॥৭—১৪॥ ইতি কথং বদসে ইত্যনুকর্ষণীয়ম্ ॥১৫—৫৬॥

ইতি শল্যপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একত্রিংশোঽধ্যায়ঃ ॥৩১॥

ভীমসেনকে লইয়া আমরা যদি ন্যায় অনুসারে যুদ্ধ করি, তাহা হইলেও আমাদের জয়লাভে নিশ্চয়ই সন্দেহ আছে। কারণ, দুর্য্যোধন একে যুদ্ধশিক্ষায় নিপুণ, তাহাতে আবার মহাবলশালী ॥১৪॥

হায়! বিধাতা নিশ্চয়ই কুন্তী ও পাণ্ডুর সন্তানগুলিকে রাজ্যলাভের জন্য সৃষ্টি করেন নাই। কিন্তু দীর্ঘকাল বনবাসের জন্য কিংবা চিরকাল ভিক্ষা করিবার জন্যই সৃষ্টি করিয়াছেন' ॥১৫॥

ভীমসেন বলিলেন—'যদুনন্দন কৃষ্ণ! তুমি বিষণ্ণ হইও না। কারণ, আজ আমি অতি দুর্গম বৈরসাগরের পারে যাইব ॥১৬॥

কৃষ্ণ! আমি যুদ্ধে দুর্য্যোধনকে বধ করিব, এ বিষয়ে কোন সন্দেহ নাই। সুতরাং নিশ্চয়ই ধর্ম্মরাজের জয়লাভ দেখা যাইতেছে ॥১৭॥

(১৫) অয়ং শ্লোকঃ পি নাস্তি। 'একং বাম্বাগ্নিহত্য ত্বং ভব রাজেতি বৈ পুনঃ' ইত্যর্দ্ধমধিকং—বঙ্গ বর্দ্ধ।

অনয়া গদয়া চাহং সংযুগে যোদ্ধুমুৎসহে।
ভবন্তঃ প্রেক্ষকাঃ সর্বে মম সন্তু জনার্দ্দন ! ॥১৯॥
সামরানপি লোকাংস্ত্রীন্ নানাশস্ত্রধরান্ যুধি।
যোধয়েয়ং রণে কৃষ্ণ ! কিমুতাদ্য সুযোধনম্ ॥২০॥

সঞ্জয় উবাচ।

তথা সম্ভাষমাণন্তু বাসুদেবো বৃকোদরম্।
হৃষ্টঃ সংপূজয়ামাস বচনঞ্চেদমব্রবীৎ ॥২১॥
ত্বামাশ্রিত্য মহাবাহো ! ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ।
নিহতারিঃ স্বকাং দীপ্তাং শ্রিয়ং প্রাপ্তা ন সংশয়ঃ ॥২২॥
ত্বয়া বিনিহতাঃ সর্ব্বে ধার্ত্তরাষ্ট্রসুতা রণে।
রাজানো রাজপুত্রাশ্চ নাগাশ্চ বিনিপাতিতাঃ ॥২৩॥

ভারতকৌমুদী

অনয়েতি। উৎসহে ইচ্ছামি। প্রেক্ষকাঃ কেবলং দ্রষ্টারঃ ॥১৯॥

সামরানিতি। অমরৈর্দেবৈঃ সহেতি তান্। যোধয়েয়ং যোদ্ধুং শক্নুয়াম্ ॥২০॥

তথেতি। সম্ভাষমাণং ব্রুবন্তম্। সংপূজয়ামাস প্রশশংস ॥২১॥

ত্রিভিঃ প্রশংসামাহ ত্বামিতি। নিহতা অরয়ো যেন সঃ, স্বকাং স্বকীয়াম, দীপ্তামুজ্জ্বলাম্। প্রাপ্তা প্রাপ্স্যতি, শ্বস্তন্যান্তাবিভক্তিঃ ॥২২॥

আমার এই গদা দুর্য্যোধনের গদা অপেক্ষা দেড়গুণ ভারী; অতএব কৃষ্ণ! তুমি মনোবেদনা অনুভব করিও না ॥১৮॥

জনার্দ্দন ! আমি এই গদাদ্বারা রণস্থলে যুদ্ধ করিবার ইচ্ছা করি। তোমরা সকলেই কেবল দর্শক থাক ॥১৯॥

কৃষ্ণ ! দেবগণের সহিত নানাশস্ত্রধারী ত্রিভুবনবাসীদের সহিতও আমি যুদ্ধ করিতে পারি। তাহাতে এক দুর্য্যোধনের কথা আর কি বলিব' ॥২০॥

সঞ্জয় বলিলেন—'ভীমসেন সেইরূপ বলিতে লাগিলে, কৃষ্ণ আনন্দিত হইয়া ভীমসেনের প্রশংসা করিলেন এবং এই কথা বলিলেন—॥২১॥

'মহাবাহু ! আপনাকে অবলম্বন করিয়া ধর্ম্মরাজ শত্রুসংহারপূর্ব্বক স্বকীয় উজ্জ্বল রাজলক্ষ্মী লাভ করিবেন, এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥২২॥

আপনি যুদ্ধে ধৃতরাষ্ট্রের সমস্ত পুত্র, রাজগণ ও রাজপুত্রগণকে নিহত করিয়াছেন এবং হস্তিগণকেও নিপাতিত করিয়াছেন ॥২৩॥

(১৯) অহমেতং হি গদয়া···পি বঙ্গ বৰ্দ্ধ। (২২)···স্বিকাং দীপ্তাং··· প্রাপ্তো ন সংশয়ঃ—পি বঙ্গ···প্রাপ্নোত্যসংশয়ঃ—নি।

কলিঙ্গা মাগধাঃ প্রাচ্যা গান্ধারাঃ কুরবস্তথা।
ত্বামাসাদ্য মহাযুদ্ধে নিহতাঃ পাণ্ডুনন্দন! ॥২৪॥
হত্বা দুর্য্যোধনঞ্চাপি প্রয়চ্ছোর্ব্বীং সসাগরাম্।
ধর্ম্মরাজায় কৌন্তেয়! যথা বিষ্ণুঃ শচীপতেঃ ॥২৫॥
ত্বাঞ্চ প্রাপ্য রণে পাপো ধার্ত্তরাষ্ট্রো বিনঙ্ক্ষ্যতি।
ত্বমস্য সক্থিনী ভঙ্‌ক্ত্বা প্রতিজ্ঞাং পালয়িষ্যসি ॥২৬॥
যত্নেন তু সদা পার্থ! যোদ্ধব্যো ধৃতরাষ্ট্রজঃ।
কৃতী চ বলবাংশ্চৈব যুদ্ধশৌণ্ডশ্চ নিত্যদা ॥২৭॥
ততস্তু সাত্যকী রাজন্! পূজয়ামাস পাণ্ডবম্।
পাঞ্চালাঃ পাণ্ডবেয়াশ্চ ধর্ম্মরাজপুরোগমাঃ।
তদ্বচো ভীমসেনস্য সর্ব এবাভ্যপূজয়ন্ ॥২৮॥

ভারতকৌমুদী

ত্বয়েতি। নাগা গজাঃ ॥২৩॥
কলিঙ্গা ইতি। আসাদ্য প্রাপ্য, নিহতাস্ত্বয়ৈবেতি শেষঃ ॥২৪॥
হত্বেতি। প্রয়চ্ছ প্রদেহি। যথা বিষ্ণুঃ স্বর্গং প্রায়চ্ছৎ ॥২৫॥
ত্বামিতি। ধার্ত্তরাষ্ট্রো দুর্য্যোধনঃ। সক্থিনী উরুদ্বয়ম্ ॥২৬॥
যত্নেনেতি। কৃতী গদাযুদ্ধশিক্ষানিপুণঃ, যুদ্ধে শৌণ্ডো মত্তঃ ॥২৭॥
তত ইতি। পূজয়ামাস প্রশশংস, পাণ্ডবং ভীমম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৮॥

পাণ্ডুনন্দন! কলিঙ্গ, মগধ, প্রাচ্য, গান্ধার ও কুরুদেশবাসী যোদ্ধারা মহাযুদ্ধে আপনার সম্মুখে উপস্থিত হইয়া নিহত হইয়াছে ॥২৪॥

কুন্তীনন্দন! পূর্ব্বকালে বিষ্ণু যেমন শত্রুসংহার করিয়া ইন্দ্রকে স্বর্গরাজ্য দান করিয়াছিলেন; তেমনি আপনিও দুর্য্যোধনকে বধ করিয়া, ধর্ম্মরাজকে সসাগরা পৃথিবী দান করুন ॥২৫॥

পাপাত্মা দুর্য্যোধন যুদ্ধে আপনার নিকট উপস্থিত হইয়া বিনষ্ট হইবে এবং আপনিও উহার উরুদ্বয় ভগ্ন করিয়া নিজের প্রতিজ্ঞা রক্ষা করিবেন ॥২৬॥

পৃথানন্দন! আপনি বিশেষ যত্নসহকারে দুর্য্যোধনের সহিত যুদ্ধ করিবেন। কারণ, দুর্য্যোধন গদাযুদ্ধে নিপুণ ও বলবান্ এবং যুদ্ধে সর্ব্বদাই মত্ত' ॥২৭॥

রাজা! তদনন্তর সাত্যকি ভীমসেনের প্রশংসা করিলেন এবং যুধিষ্ঠিরপ্রভৃতি

---

(২৭) যত্নেন হ ত্বয়া পাপো যোদ্ধব্যঃ…নি। (২৮)…বিবিধাভিশ্চ তং বাগ্‌ভির্ভীমসেনং জনেশ্বর!॥ ইত্যর্দ্ধমধিকং নি।

তেতো ভীমবলো ভীমো যুধিষ্ঠিরমথাব্রবীৎ।
সৃঞ্জয়ৈঃ সহ তিষ্ঠন্তং তপন্তমিব ভাস্করম্ ॥২৯॥
অহমেতেন সঙ্গম্য সংযুগে যোদ্ধুমুৎসহে।
নহি শক্তো রণে জেতুং মামেষ পুরুষাধমঃ ॥৩০॥
অদ্য ক্রোধং বিমোক্ষ্যামি নিহিতং হৃদয়ে ভৃশম্।
সুযোধনে ধার্ত্তরাষ্ট্রে খাণ্ডবেঽগ্নিমিবার্জ্জুনঃ ॥৩১॥
শল্যমদ্যোদ্ধরিষ্যামি তব পাণ্ডব! হৃচ্ছয়ম্।
নিহত্য গদয়া পাপমদ্য রাজন্! সুখী ভব ॥৩২॥
অদ্য কীর্ত্তিময়ীং মালাং প্রতিমোক্ষ্যে তবানঘ!।
প্রাণান্ শ্রিয়ঞ্চ রাজ্যঞ্চ মোক্ষ্যতেঽদ্য সুযোধনঃ ॥৩৩॥

ভারতকৌমুদী

তত ইতি। ভীমং ভয়ানকং বলং শক্তির্যস্য সঃ ॥২৯॥
অহমিতি। এতেন দুর্য্যোধনে, সঙ্গম্য মিলিত্বা, সংযুগে রণস্থলে ॥৩০॥
অদ্যেতি। নিহিতং চিরং স্থাপিতম্। খাণ্ডবে বনে ॥৩১॥
শল্যমিতি। শল্যং দুঃখশঙ্কুম্, হৃদি শেতে তিষ্ঠতীতি তৎ ॥৩২॥
অদ্যেতি। প্রতিমোক্ষ্য অর্পয়িষ্যামি। শ্রিয়ং সম্পদম্ ॥৩৩॥

পাণ্ডবেরা ও পাঞ্চালপ্রভৃতি যোদ্ধারা সকলেই ভীমসেনের সেই বাক্যের সুখ্যাতি করিতে লাগিলেন ॥২৮॥

তৎকালে যুধিষ্ঠির সৃঞ্জয়গণমধ্যে সন্তাপকারী সূর্য্যের ন্যায় অবস্থান করিতেছিলেন; তাঁহার দিকে চাহিয়া ভীষণ শক্তিশালী ভীমসেন বলিলেন—॥২৯॥

'আমি রণস্থলে এই দুর্য্যোধনের সহিত মিলিত হইয়া যুদ্ধ করিবার ইচ্ছা করি: কিন্তু এই পুরুষাধম যুদ্ধে আমাকে জয় করিতে সমর্থ হইবে না ॥৩০॥

পূর্ব্বে অর্জ্জুন যেমন খাণ্ডববনে অগ্নি সমর্পণ করিয়াছিলেন, আমিও আজ তেমন ধৃতরাষ্ট্রের পুত্র দুর্য্যোধনের উপরে হৃদয়ে গুরুতরভাবে চিরনিহিত ক্রোধ সমর্পণ করিব ॥৩১॥

পাণ্ডুনন্দন রাজা! আমি আজ গদাদ্বারা পাপাত্মা দুর্য্যোধনকে বধ করিয়া, আপনার হৃদয়স্থিত দুঃখশেল উদ্ধার করিব; আপনি সুখী হউন ॥৩২॥

নিষ্পাপ রাজা! আজ আমি আপনার কণ্ঠে কীর্ত্তিময়ী মালা পরাইয়া দিব এবং আজ দুর্য্যোধন প্রাণ, সম্পদ্ ও রাজ্য পরিত্যাগ করিবে ॥৩৩॥

(৩২)···নিহতে গদয়া পাপে·· নি।

রাজা চ ধৃতরাষ্ট্রোঽদ্য শ্রুত্বা পুত্রং ময়া হতম্।
স্মরিষ্যত্যশুভং কর্ম্ম যত্তচ্ছকুনিবুদ্ধিজম্ ॥৩৪॥
ইত্যুক্ত্বা ভরতশ্রেষ্ঠো গদামুদ্যম্য বীর্য্যবান্।
উদতিষ্ঠত যুদ্ধায় শক্রো বৃত্রমিবাহ্বয়ন্ ॥৩৫॥
তদাহ্বানমমৃষ্যন্ বৈ তব পুত্রোঽতিবীর্য্যবান্।
প্রত্যুপস্থিত এবাশু মত্তো মত্তমিব দ্বিপম্ ॥৩৬॥
গদাহস্তং তব সুতং যুদ্ধায় সমুপস্থিতম্।
দদৃশুঃ পাণ্ডবাঃ সর্বে কৈলাসমিব শৃঙ্গিণম্ ॥৩৭॥
তমেকাকিনমাসাদ্য ধার্ত্তরাষ্ট্রং মহাবলম্।
বিযূথমিব মাতঙ্গং সমহৃষ্যন্ত পাণ্ডবাঃ ॥৩৮॥
ন সম্ভ্রমো ন চ ভয়ং ন চ গ্লানির্ন চ ব্যথা।
আসীদ্দুর্য্যোধনস্যাপি স্থিতঃ সিংহ ইবাহবে ॥৩৯॥

ভারতকৌমুদী

রাজেতি। অশুভং কর্ম্ম প্রাক্তনমস্মন্নির্বাসনাদিকম্ ॥৩৪॥
ইতীতি। উদ্যম্য উত্তোল্য। শক্র ইন্দ্রঃ, বৃত্রং নামাসুরম্ ॥৩৫॥
তদিতি। অমৃষ্যন্ অসহমানঃ। মত্তো দ্বিপ ইতি শেষঃ ॥৩৬॥
গদেতি। শৃঙ্গিণং শৃঙ্গবন্তম্, উত্তোলিতগদস্য সাদৃশ্যার্থমিদম্ ॥৩৭॥
তমিতি। বিযূথম্ অপরহস্তিগণরহিতম্ ॥৩৮॥
নেতি। সম্ভ্রমো বিচলিতভাবঃ। অপিশব্দেন ভীমস্য চেতি গম্যতে ॥৩৯॥

আমি পুত্র দুর্য্যোধনকে নিহত করিয়াছি ইহা শুনিয়া, আজ রাজা ধৃতরাষ্ট্র শকুনির বুদ্ধিপ্রযুক্ত সেই সকল নিজের অন্যায় কার্য্য স্মরণ করিবেন' ॥৩৪॥

এই কথা বলিয়া ভরতশ্রেষ্ঠ ও বলবান্ ভীমসেন—ইন্দ্র যেমন বৃত্রাসুরকে যুদ্ধে আহ্বান করিয়াছিলেন, সেইরূপ দুর্য্যোধনকে আহ্বান করিয়া গদা উত্তোলনপূর্ব্বক গাত্রোত্থান করিলেন ॥৩৫॥

মহারাজ! আপনার পুত্র মহাবল দুর্য্যোধন সেই আহ্বান সহ্য করিতে না পারিয়া—মত্তহস্তী যেমন অপর মত্তহস্তীর দিকে গমন করে, সেইরূপ ভীমের দিকে গমন করিতে লাগিলেন ॥৩৬॥

তখন পাণ্ডবেরা সকলে গদাধারী ও যুদ্ধার্থ উপস্থিত দুর্য্যোধনকে শৃঙ্গযুক্ত কৈলাসপর্ব্বতের ন্যায় দর্শন করিতে থাকিলেন ॥৩৭॥

তৎকালে পাণ্ডবেরা যূথবিহীন হস্তীর ন্যায় একাকী মহাবল দুর্য্যোধনকে পাইয়া অত্যন্ত আনন্দিত হইলেন ॥৩৮॥

তমুদ্যতগদং দৃষ্ট্বা কৈলাসমিব শৃঙ্গিণম্।
ভীমসেনস্তদা রাজন্! দুর্য্যোধনমথাব্রবীৎ ॥৪০॥
রাজ্ঞাপি ধৃতরাষ্ট্রেণ ত্বয়া চাস্মাসু যৎ কৃতম্।
স্মর তদ্দুষ্কৃতং কর্ম্ম যদ্বৃত্তং বারণাবতে ॥৪১॥
দ্রৌপদী চ পরিক্লিষ্টা সভামধ্যে রজস্বলা।
দ্যূতে যদ্বিজিতো রাজা শকুনের্বুদ্ধিনিশ্চয়াৎ ॥৪২॥
যানি চান্যানি দুষ্টাত্মন্! পাপানি কৃতবানসি।
অনাগঃসু চ পার্থেষু তস্য পশ্য মহৎ ফলম্ ॥৪৩॥ (যুগ্মকম্)
ত্বৎকৃতে নিহতঃ শেতে শরতল্পে মহাযশাঃ।
গাঙ্গেয়ো ভরতশ্রেষ্ঠঃ সর্ব্বেষাং নঃ পিতামহঃ ॥৪৪॥

ভারতকৌমুদী

তমিতি। উদ্যতা উত্তোলিতা গদা যেন তম্ ॥৪০॥

রাজ্ঞেতি। বৃত্তং জাতম্, জতুগৃহদহনমিত্যাশয়ঃ ॥৪১॥

দ্রৌপদীতি। শকুনের্বুদ্ধৌ নিশ্চয়ঃ প্রামাণ্যাবধারণং তস্মাৎ। পাপানি পাপজনকান্যাচরণানি। অনাগঃসু নিরপরাধেষু ॥৪২—৪৩॥

ত্বদিতি। ত্বৎকৃতে ত্বন্নিমিত্তম্, নিহত আহতঃ, শরতল্পে শরশয্যায়াম্ ॥৪৪॥

সেই সময়ে কেবল ভীমসেনের নহে—দুর্য্যোধনেরও ব্যস্ততা, ভয়, গ্লানি, কিংবা মনোবেদনা হয় নাই। দুর্য্যোধন তখন সিংহের ন্যায় রণস্থলে দাঁড়াইলেন ॥৩৯॥

রাজা! তাহার পর ভীমসেন শৃঙ্গযুক্ত কৈলাসপর্ব্বতের ন্যায় উত্তোলিত গদাধারী দুর্য্যোধনকে দেখিয়া বলিতে লাগিলেন—॥৪০॥

'দুরাত্মা! রাজা ধৃতরাষ্ট্র এবং তুই আমাদের উপরে যে সকল দুর্ব্যবহার করিয়াছিলি এবং বারণাবতনগরে যে ঘটনা ঘটিয়াছিল, সেই সমস্ত এখন স্মরণ কর্ ॥৪১॥

দুরাত্মা! তুই সভামধ্যে রজস্বলা দ্রৌপদীর যে কষ্ট দিয়াছিলি এবং শকুনির বুদ্ধির উপরে নির্ভর করিয়া দ্যূতক্রীড়ায় রাজা যুধিষ্ঠিরকে যে জয় করিয়াছিলি, আর নিরপরাধ পাণ্ডবগণের উপরে অন্যান্য যে সকল দুর্ব্যবহার করিয়াছিলি; আজ সেই সকল কার্য্যের গুরুতর ফল দর্শন কর্ ॥৪২—৪৩॥

মহাযশা, ভরতশ্রেষ্ঠ এবং আমাদের সকলের পিতামহ গঙ্গানন্দন ভীষ্ম তোর্ জন্যই আহত হইয়া শরশয্যায় শয়ন করিয়া রহিয়াছেন ॥৪৪॥

---

(৪১)···যদ্ভূতং বারণাবতে—নি। (৪২) দ্রৌপদী চ পরামৃষ্টা··· দ্যূতে চ বঞ্চিতো রাজা শকুনের্বুদ্ধিলাঘবাৎ—নি।

হতো দ্রোণশ্চ কর্ণশ্চ হতঃ শল্যঃ প্রতাপবান্।
বৈরস্য চাদিকর্ত্তাসৌ শকুনির্নিহতো যুধি ॥৪৫॥
ভ্রাতরস্তে হতাঃ শূরাঃ পুত্রাশ্চ সহসৈনিকাঃ।
রাজানশ্চ হতাঃ শূরাঃ সমরেষ্বনিবর্ত্তিনঃ ॥৪৬॥
এতে চান্যে চ নিহতা বহবঃ ক্ষত্রিয়র্ষভাঃ।
প্রাতিকামী তথা পাপো দ্রৌপদ্যাঃ ক্লেশকৃদ্ধতঃ ॥৪৭॥
অবশিষ্টস্ত্বমেবৈকঃ কুলঘ্নোঽধমপূরুষঃ।
ত্বামপ্যদ্য হনিষ্যামি গদয়া নাত্র সংশয়ঃ ॥৪৮॥
অদ্য তেঽহং রণে দর্পং সর্বং নাশয়িতা নৃপ!।
রাজ্যাশাং বিপুলাং চাপি পাণ্ডবেষু চ দুষ্কৃতম্ ॥৪৯॥

দুর্য্যোধন উবাচ।

কিং কত্থিতেন বহুনা যুধ্যস্বাদ্য ময়া সহ।
অদ্য তেঽহং বিনেষ্যামি যুদ্ধশ্রদ্ধাং বৃকোদর! ॥৫০॥

ভারতকৌমুদী

হত ইতি। আদিকর্ত্তা প্রধানঃ প্রযোজকঃ ॥৪৫॥
ভ্রাতর ইতি। অনিবর্ত্তিনঃ অপলায়িনঃ ॥৪৬॥
এত ইতি। প্রাতিকামী নামানুচরঃ। ক্লেশকৃৎ মনোদুঃখজনকঃ ॥৪৭॥
অবেতি। কুলঘ্নো বংশনাশকারী ॥৪৮॥
অদ্যেতি। দুষ্কৃতং দুর্ব্যবহারঞ্চ প্রতিশোধয়িষ্যামীতি শেষঃ ॥৪৯॥

এবং তোর্ জন্যই দ্রোণ, কর্ণ, প্রতাপশালী শল্য এবং শত্রুতার প্রধান প্রযোজক শকুনি যুদ্ধে নিহত হইয়াছেন ॥৪৫॥

তোর্ বীর ভ্রাতারা, পুত্রেরা এবং যুদ্ধে অপলায়ী বীর রাজারা সৈন্যগণের সহিত তোর্ জন্যই নিহত হইয়াছেন ॥৪৬॥

এই সকল এবং অন্যান্য ক্ষত্রিয়শ্রেষ্ঠ সকল ও দ্রৌপদীর ক্লেশকারী প্রাতিকামী নিহত হইয়াছেন ॥৪৭॥

বংশনাশক ও নরাধম একমাত্র তুই এখন অবশিষ্ট রহিয়াছিস্। আজ এই গদাদ্বারা তোকেও বধ করিব, এ বিষয়ে কোনও সন্দেহ নাই ॥৪৮॥

নরপাল! আমি আজ তোর্ সমস্ত দর্প ও রাজ্যের বিপুল আশা বিনষ্ট করিব এবং পাণ্ডবগণের উপরে যে সকল দুর্ব্যবহার করিয়াছিস্, তাহারও প্রতিশোধ দিব' ॥৪৯॥

(৪৯)···রাজ্যার্দ্ধং বৈ পুরা রাজন্! পাণ্ডবেয়েষু যৎ কৃতম্—পি।

কিং ন পশ্যসি মাং পাপ ! গদাযুদ্ধে ব্যবস্থিতম্ ।
হিমবচ্ছিখরাকারাং প্রগৃহ্য মহতীং গদাম্ ॥৫১॥
গদিনং কোঽদ্য মাং পাপ ! জেতুমুৎসহতে রিপুঃ ।
ন্যায়তো যুধ্যমানশ্চ দেবেষ্বপি পুরন্দরঃ ॥৫২॥
মা বৃথা গর্জ্জ কৌন্তেয় ! শারদাভ্রমিবাজলম্ ।
দর্শয়স্ব বলং যুদ্ধে যাবত্তত্তেঽদ্য বিদ্যতে ॥৫৩॥

ভারতকৌমুদী

কিমিতি। কত্থিতেন আত্মশ্লাঘাকরণেন। বিনেষ্যামি নাশয়িষ্যামি ॥৫০॥
কিমিতি। হিমবচ্ছিখরাকারাং হিমালয়শৃঙ্গতুল্যাং দৃঢ়াং দীর্ঘাঞ্চেত্যর্থঃ ॥৫১॥
গদিনমিতি। গদিনং গদাধারিণম্। উৎসহতে শক্নোতি ॥৫২॥
মেতি। শারদাভ্রং শরৎকালীনো মেঘঃ, অজলং যথা স্যাত্তথা ॥৫৩॥

দুর্য্যোধন বলিলেন—'ভীম ! বহুতর আত্মশ্লাঘা করার প্রয়োজন কি ? এখন আমার সহিত যুদ্ধ কর্; আমি আজ তোর যুদ্ধের উৎকট আকাঙ্ক্ষা দূর করিব ॥৫০॥

পাপাত্মা ! দেখিতেছিস্ না কি—আমি হিমালয়পর্ব্বতের শৃঙ্গতুল্য বিশাল গদা ধারণ করিয়া গদাযুদ্ধে অবস্থান করিতেছি ॥৫১॥

পাপাত্মা ! আজ কোন্ শত্রু ন্যায়-অনুসারে যুদ্ধ করিতে থাকিয়া আমাকে জয় করিতে সমর্থ হইবে ? দেবগণের মধ্যে ইন্দ্রও না ॥৫২॥

কুন্তীনন্দন ! শরৎকালের মেঘ যেমন বিনা জলে গর্জ্জন করে, তুইও তেমন বৃথা গর্জ্জন করিস্ না। তোর যতখানি বল থাকে, তাহা আজ যুদ্ধে দেখা' ॥৫৩॥

(৫২) ইতঃ পরং শ্লোকচতুষ্টয়মধিকং বঙ্গ বর্দ্ধ। তদ্‌যথা—
যদেতৎ কথিতং পূর্ব্বং মদীয়ং দুর্বিচেষ্টিতম্। সর্ব্বং তন্ন চ মে কিঞ্চিচ্ছকিতং কর্ত্তুমেব হি ॥১॥
অরণ্যে চাপি বসতিং দাস্তক্ষ পরবেশ্মনু। তথা রূপবিপর্য্যাসং কারিতাঃ স্থ ময়া বলাৎ ॥২॥

হতাশ্চ বান্ধবাস্তভ্যং ক্ষয়স্তল্যোঽয়মাবয়োঃ।
পতনং সম্প্রতি তু মে যদি নাম ভবেদ্‌যুধি।
তদতিশ্লাঘ্যমেব স্যাৎ কালো বা তত্র কারণম্ ॥৩॥
অদ্যাপি নহি মে জেতা ধর্ম্মেণাস্তি রণাজিরে।
ছদ্মনা বা বিজেয্যধমকীর্ত্তিঃ স্যাত্তু ধ্রুবম্।
অধর্ম্ম্যা চাযশস্যা চ পশ্চাত্তপ্স্যথ বৈ ধ্রুবম্ ॥৪॥

(৫৩) যাবত্তবেতি—পি,···যাবন্নাঽহন্ নিহন্মি তে—নি।

তস্য তদ্বচনং শ্রুত্বা পাণ্ডবাঃ সহসৃঞ্জয়াঃ।
সর্বে সংপূজয়ামাসুস্তদ্বচো বিজিগীষবঃ ॥৫৪॥
তং মত্তমিব মাতঙ্গং তলশব্দেন মানবাঃ।
ভূয়ঃ সংহর্ষয়ামাসূ রাজন্! দুর্য্যোধনং নৃপম্ ॥৫৫॥
বৃংহন্তি কুঞ্জরাস্তত্র হয়া হেষন্তি চাসকৃৎ।
শস্ত্রাণি সংপ্রদীপ্যন্তে পাণ্ডবানাং জয়ৈষিণাম্ ॥৫৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শল্যপর্ব্বণি গদাযুদ্ধে ভীমদুর্য্যোধনবাক্যে একত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

——:*:——

ভারতকৌমুদী

তস্যেতি। সংপূজয়ামাসুঃ প্রশশংসুঃ। বিজিগীষবো বিজেতুমিচ্ছবঃ ॥৫৪॥

তমিতি। তলশব্দেন করতলধ্বনিনা। মানবা উদাসীনাঃ ॥৫৫॥

বৃংহন্তীতি। বৃংহিতং রবং কুর্ব্বন্তি স্ম। হেষন্তি হেষাং রবং কুর্ব্বন্তি স্ম চ। সংপ্রদীপ্যন্তে উত্তোলনেনোজ্জ্বলন্তি স্ম ॥৫৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শল্যপর্ব্বণি গদাযুদ্ধে একত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

——:০:——

জয়াভিলাষী সমস্ত পাণ্ডব ও সৃঞ্জয় দুর্য্যোধনের সেই কথা শুনিয়া তাঁহার প্রশংসা করিলেন ॥৫৪॥

রাজা! অন্যান্য মানবেরা করতালি দিয়া মত্তহস্তীর ন্যায় রাজা দুর্য্যোধনকে আরও আনন্দিত করিল ॥৫৫॥

তখন জয়াভিলাষী পাণ্ডবপক্ষের হস্তিগণ বৃংহিতধ্বনি করিল, অশ্বগণ হেষারব করিয়া উঠিল এবং উত্তোলিত অস্ত্রগুলি চক্‌চক্ করিতে লাগিল' ॥৫৬॥

——০:*:০——

* '...ত্রয়স্ত্রিংশত্তমোঽধ্যায়ঃ...' পি রঞ্জ বর্দ্ধ বা সো নি।

দ্বাত্রিংশোঽধ্যায়ঃ।

—:-০-:—

সঞ্জয় উবাচ।

তস্মিন্ যুদ্ধে মহারাজ! সুসংবৃত্তে সুদারুণে।
উপবিষ্টেষু সর্বেষু পাণ্ডবেষু মহাত্মসু ॥১॥
ততস্তালধ্বজো রামস্তয়োর্যুদ্ধ উপস্থিতে।
শ্রুত্বা তচ্ছিষ্যয়ো রাজন্! আজগাম হলায়ুধঃ ॥২॥ (যুগ্মকম্)
তং দৃষ্ট্বা পরমপ্রীতাঃ পাণ্ডবাঃ সহকেশবাঃ।
উপগম্যোপসংগৃহ্য বিধিবৎ প্রত্যপূজয়ন্ ॥৩॥
পূজয়িত্বা ততঃ পশ্চাদিদং বচনমব্রুবন্।
শিষ্যয়োঃ কৌশলং যুদ্ধে পশ্য রামেতি পার্থিব! ॥৪॥
অব্রবীচ্চ তদা রামো দৃষ্ট্বা কৃষ্ণং সপাণ্ডবম্।
দুর্য্যোধনঞ্চ কৌরব্যং গদাপাণিমবস্থিতম্ ॥৫॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। সুসংবৃত্তে অবশ্যং সম্ভবতি। তালস্তালবৃক্ষং কৃতো ধ্বজো যস্য সঃ ॥১—২॥
তমিতি। উপসংগৃহ্য চরণৌ, প্রত্যপূজয়ন্ প্রণামেন ॥৩॥
পূজয়িত্বেতি। শিষ্যয়োর্ভীমসেনদুর্য্যোধনয়োঃ, কৌশলং নৈপুণ্যম্ ॥৪॥
অব্রবীদিতি। কৌরব্যমিতি বিশেষণং দুর্য্যোধনান্তরব্যাবৃত্ত্যর্থম্ ॥৫॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! অতিদারুণ সেই যুদ্ধ অবশ্য সম্ভবপর হইলে এবং মহাত্মা পাণ্ডবেরা সকলে উপবেশন করিলে, তালধ্বজ ও হলায়ুধ বলরাম নিজের শিষ্য ভীম ও দুর্য্যোধনের যুদ্ধ আরম্ভ হইতেছে শুনিয়া সেস্থানে আগমন করিলেন ॥১—২॥

তাঁহাকে সমাগত দেখিয়া, কৃষ্ণ ও পাণ্ডবেরা অত্যন্ত আনন্দিত হইয়া নিকটে যাইয়া তাঁহার চরণ ধারণ করিয়া যথাবিধানে নমস্কার করিলেন ॥৩॥

রাজা! তাঁহারা সেইভাবে বলরামের সম্মান করিয়া বলিলেন—'রাম! আপনি আপনার শিষ্য দুইজনের গদাযুদ্ধনৈপুণ্য দর্শন করুন' ॥৪॥

তখন পাণ্ডবগণের সহিত কৃষ্ণকে এবং গদাধারী কুরুবংশীয় দুর্য্যোধনকে অবস্থিত দেখিয়া বলরাম বলিলেন—॥৫॥

চত্বারিংশদহান্যদ্য দ্বে চ মে নিঃসৃতস্য বৈ।
পুষ্যেণ সংপ্রয়াতোঽস্মি শ্রবণে পুনরাগতঃ।
শিষ্যয়োর্বৈ গদাযুদ্ধং দ্রষ্টুকামোঽস্মি মাধব! ॥৬॥

ভারতকৌমুদী

চত্বারিংশদিতি। হে মাধব! অদ্য, চত্বারিংশদহানি দিনানি দ্বে চ অহনী দিনে ইতি মিলিত্বা দ্বিচত্বারিংশদহানি নিঃসৃতস্য দ্বারকাতস্তীর্থযাত্রায়াং নির্গতস্য মে মম অতিক্রামন্তীতি শেষঃ। তত্র দ্বিচত্বারিংশদ্দিনসংখ্যাপূরণপ্রদর্শনার্থং দ্বারকাতো যাত্রাকালীনং নক্ষত্রং কুরুক্ষেত্রোপস্থিতিকালীনং নক্ষত্রঞ্চ নিবেদয়তি পুষ্যেণেতি। পুষ্যেণ পুষ্যানক্ষত্রেণ বিশিষ্টে দিবসে সম্প্রয়াতঃ দ্বারকাতঃ কৃতযাত্রোঽস্মি, পুনঃ শ্রবণে একং শ্রবণানক্ষত্রং গতম্, দ্বিতীয়শ্রবণানক্ষত্রযুক্তদিনে ইহাগতঃ। শিষ্যয়োর্ভীমসেনদুর্য্যোধনয়োরিদানীং গদাযুদ্ধং দ্রষ্টুকামোঽস্মি। "পুনরপ্রথমে ভেদে" ইত্যমরোক্তেঃ পুনঃশব্দেনৈতৎ সূচিতম্। পুষ্যাবধিশ্রবণাপর্য্যন্তানি পঞ্চদশ নক্ষত্রাণি, পুনর্ধনিষ্ঠাবধিশ্রবণাপর্য্যন্তানি সপ্তবিংশতির্নক্ষত্রাণীতি মিলিত্বা দ্বিচত্বারিংশন্নক্ষত্রাণি ভবন্তীতি দ্বিচত্বারিংশদ্দিনেষু তৎসম্ভবাৎ ন কশ্চিদ্বিরোধঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ। ভীষ্মপর্ব্বণি সপ্তদশাধ্যায়ে "মঘাবিষয়গঃ সোমস্তদ্দিনং প্রত্যপদ্যত" ইত্যাদি দ্বিতীয়শ্লোকব্যাখ্যানাবসরে বিস্তরেণাস্য সর্বথা সুসামঞ্জস্যং প্রদর্শিতমনুসন্ধেয়ম্। নীলকণ্ঠব্যাখ্যানন্তু তত্রোক্তভারতসাবিত্রীবচনবিরোধাদিনা হেয়ম্ ॥৬॥

ভারতভাবদীপঃ

তস্মিন্নিতি ॥১—৫॥ চত্বারিংশদহান্যদ্য দ্বে চ মে নিঃসৃতস্য বৈ। পুষ্যেণ সম্প্রয়াতোঽস্মি শ্রবণে পুনরাগত ইতি। নন্বু শ্রবণেঽত্র যুদ্ধসমাপ্তির্দৃশ্যতে তদনুপাতেন যুদ্ধারম্ভো মৃগশীর্ষে ভবিতুং যুজ্যতে, "অষ্টাদশাহানি যুদ্ধমভূ"দিতি বচনাৎ, এবঞ্চ যুদ্ধারম্ভং প্রকৃত্য ভীষ্মপর্ব্বণি সঞ্জয়বাক্যম্—"মঘাবিষয়গঃ সোমস্তদ্দিনং সম্প্রপদ্যতে"তি মঘায়াং যুদ্ধারম্ভপ্রদর্শকং বিরুধ্যতে। তথাহ্যে রেবত্যাং যুদ্ধসমাপ্ত্যাপত্তেরিত্যুপক্রমোপসংহারয়োর্বিরোধো দুঃসমাধেয় ইতি চেৎ, সত্যম্ উপসংহারস্য নির্ণীতার্থকত্বাত্তদনুরোধেনোপক্রমস্য নেয়ত্বান্মঘাবিষয়গ ইত্যস্যায়মর্থঃ—অত্র মঘাশব্দেন তৎসহচরাঃ পিতরো লক্ষ্যন্তে, "মঘানক্ষত্রং পিতরো দেবতে" ইতি শ্রুতেরিতি মঘায়াং পিতৃসম্বন্ধিত্বাবধারণাৎ। তেন যুদ্ধে মৃতানামুত্তমদেহপ্রদানার্থং চন্দ্রস্তদা পিতৃলোকে সন্নিহিতোঽভূদিতি স্বর্গিণাং দিব্যদেহলাভশ্চন্দ্রাধীন ইতি শাস্ত্রপ্রসিদ্ধম্। যুদ্ধারম্ভস্তু মৃগশীর্ষে ইতি ভীষ্মপর্ব্বণি নিপুণতরমুপপাদিতং তন্ন বিস্মর্ত্তব্যম্ ॥৬—১৯॥

ইতি শল্যপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বাত্রিংশোঽধ্যায়ঃ ॥৩২॥

'কৃষ্ণ! দ্বারকা হইতে নির্গত হওয়ার পর আজ আমার বিয়াল্লিশ দিন অতীত হইতেছে। আমি পুষ্যানক্ষত্রে দ্বারকা হইতে প্রস্থান করিয়াছিলাম, (মধ্যে এক শ্রবণানক্ষত্র গিয়াছে,) দ্বিতীয় শ্রবণানক্ষত্রে এখানে আসিয়াছি। এখন আমার শিষ্য ভীম ও দুর্য্যোধনের গদাযুদ্ধ দেখিবার ইচ্ছা করিতেছি' ॥৬॥

---

(৬)···চত্বারিংশদহান্যদ্য দ্বেৎসি মে···পি।

ততস্তদা গদাহস্তৌ দুর্য্যোধনবৃকোদরৌ।
যুদ্ধভূমিগতৌ বীরাবুভাবেব বিরেজতুঃ ॥৭॥
কৃষ্ণৌ চাপি মহেষ্বাসাবভিবাদ্য হলায়ুধম্।
সম্বজাতে পরিপ্রীতং প্রীয়মাণৌ যশস্বিনৌ ॥৮॥
মাদ্রীপুত্রৌ তথা শূরৌ দ্রৌপদ্যাঃ পঞ্চ চাত্মজাঃ।
অভিবাদ্য স্থিতা রাজন্! রৌহিণেয়ং মহাবলম্ ॥৯॥
ভীমসেনোঽথ বলবান্ পুত্রস্তব জনাধিপ!।
তথৈব চোদ্যতগদৌ পূজয়ামাসতুর্বলম্ ॥১০॥
স্বাগতেন চ তং তত্র প্রতিপূজ্য পুনঃ পুনঃ।
পশ্য যুদ্ধং মহাবাহো! ইতি তে রামমব্রুবন্।
এবমূচুর্মহাত্মানং রৌহিণেয়ং নরাধিপাঃ ॥১১॥

ভারতকৌমুদী

তত ইতি। বিরেজতুর্বীরশোভয়া শুশুভাতে ॥৭॥
কৃষ্ণাবিতি। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ, মহেষ্বাসৌ মহাধনুর্দ্ধরৌ, সম্বজাতে আলিলিঙ্গতুঃ ॥৮॥
মাদ্রীতি। রৌহিণেয়ং রোহিণ্যাঃ পুত্রং বলদেবম্ ॥৯॥
ভীমেতি। পূজয়ামাসতুঃ দূরাৎ প্রণামেনেতি শেষঃ, বলং বলভদ্রম্ ॥১০॥
স্বাগতেনেতি। নরাধিপাঃ পাণ্ডবপক্ষীয়া রাজানঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১১॥

তাহার পর বীর ভীমসেন ও দুর্য্যোধন গদা ধারণ করিয়া যুদ্ধস্থানে যাইয়া বীরশোভায় শোভা পাইতে লাগিলেন ॥৭॥

মহাধনুর্দ্ধর ও যশস্বী কৃষ্ণ ও অর্জ্জুন সন্তুষ্ট হইয়া সন্তুষ্টচিত্ত বলরামকে অভিবাদন করিয়া তাঁহাকে আলিঙ্গন করিলেন ॥৮॥

রাজা! নকুল, সহদেব এবং দ্রৌপদীর পঞ্চ পুত্র মহাবল রামকে অভিবাদন করিয়া সম্মুখে দাঁড়াইলেন ॥৯॥

নরনাথ! বলবান্ ভীমসেন এবং আপনার পুত্র দুর্য্যোধন দূর হইতে গদা উত্তোলনপূর্ব্বক প্রণাম করিয়া বলরামের সম্মান করিলেন ॥১০॥

রাজারা বার বার স্বাগতপ্রশ্ন করিয়া, সম্মান দেখাইয়া, মহাবল রামকে বলিলেন—'মহাবাহু! আপনি ইঁহাদের যুদ্ধ দর্শন করুন' ॥১১॥

(৭) ইতঃ পরম্—ততো যুধিষ্ঠিরো রাজা পরিষ্বজ্য হলায়ুধম্। স্বাগতং কুশলঞ্চাস্মৈ পর্য্যপৃচ্ছদ্‌যথাতথম্॥ ইত্যধিকশ্লোকঃ—পি বঙ্গ বর্দ্ধ বা সো। (৮)…পরিপ্রীতৌ…বঙ্গ বর্দ্ধ বা নি। (১১)…প্রতিপূজ্য নরাধিপাঃ…বঙ্গ বর্দ্ধ। রৌহিণেয়ং মহারথাঃ—বর্দ্ধ।

পরিষ্বজ্য তদা রামঃ পাণ্ডবান্ সৃঞ্জয়ানপি।
অপৃচ্ছৎ কুশলং সর্ব্বান্ পার্থিবাংশ্চামিতৌজসঃ।
তথৈব তে সমাসাদ্য পপ্রচ্ছুস্তমনাময়ম্ ॥১২॥
প্রত্যভ্যর্চ্চ্য হলী সর্ব্বান্ ক্ষত্রিয়াংশ্চ মহাত্মনঃ।
কৃত্বা কুশলসংযুক্তাং সংবিদঞ্চ যথাবয়ঃ ॥১৩॥
জনার্দ্দনং সাত্যকিঞ্চ প্রেম্ণা স পরিষস্বজে।
মূর্দ্ধ্নি চৈতাবুপাঘ্রায় কুশলং পর্য্যপৃচ্ছত ॥১৪॥ (যুগ্মকম্)
তৌ চৈনং বিধিবদ্রাজন্! পূজয়ামাসতুর্গুরুম্।
ব্রহ্মাণমিব দেবেশমিন্দ্রোপেন্দ্রৌ মুদা যুতৌ ॥১৫॥
ততোঽব্রবীদ্ধর্ম্মসুতো রৌহিণেয়মরিন্দমম্।
ইদং ভ্রাত্রোর্মহাযুদ্ধং পশ্য রামেতি ভারত! ॥১৬॥
তেষাং মধ্যে মহাবাহুঃ শ্রীমান্ কেশবপূর্বজঃ।
ন্যবিশৎ পরমপ্রীতঃ পূজ্যমানো মহারথৈঃ ॥১৭॥

ভারতকৌমুদী

পরীতি। তং রামম্, অনাময়মারোগ্যম্। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥১২॥

প্রতীতি। হলী রামঃ। সংবিদং প্রশ্নম্। পরিষস্বজে আলিলিঙ্গ ॥১৩—১৪॥

তাবিতি। গুরুং জ্যেষ্ঠভ্রাতরং বলদেবম্। উপেন্দ্রো বামনাত্মকো বিষ্ণুঃ ॥১৫॥

তত ইতি। রৌহিণেয়ং বলদেবম্। ভ্রাত্রোর্ভীমসেনদুর্য্যোধনয়োঃ, ভীমো রামস্য পিতৃষ্বসৃপুত্রত্বাৎ ভ্রাতা, দুর্য্যোধনোঽপি তৎপর্য্যায়ত্বাৎ ভ্রাতৈবেতি ভাবঃ ॥১৬॥

তখন বলরাম পাণ্ডব ও সৃঞ্জয়গণকে আলিঙ্গন করিয়া, উক্ত সকলের এবং অমিততেজা রাজগণের মঙ্গল জিজ্ঞাসা করিলেন; আবার সেইরূপই তাঁহারাও নিকটবর্ত্তী হইয়া বলরামের অনাময়প্রশ্ন করিলেন ॥১২॥

পরে বলরাম মহাত্মা ক্ষত্রিয় সকলকে সম্মান দেখাইয়া, বয়স অনুসারে মঙ্গলপ্রশ্ন করিয়া, কৃষ্ণ ও সাত্যকিকে আলিঙ্গন করিলেন এবং তাঁহাদের মস্তকাঘ্রাণ করিয়া মঙ্গল জিজ্ঞাসা করিলেন ॥১৩—১৪॥

রাজা! ইন্দ্র ও উপেন্দ্র যেমন দেবাধিপতি ব্রহ্মাকে পূজা করেন, তেমন হৃষ্টচিত্ত কৃষ্ণ ও সাত্যকি (বিশেষভাবে অভিবাদন করিয়া) বলরামের পূজা করিলেন ॥১৫॥

ভরতনন্দন! তদনন্তর যুধিষ্ঠির শত্রুদমনকারী বলরামকে বলিলেন—'রাম! ভ্রাতাদের এই মহাযুদ্ধ দর্শন কর' ॥১৬॥

(১২)···পাণ্ডবান্ সহ সৃঞ্জয়ান্—নি। পপ্রচ্ছুস্তদনাময়ম্···পি। (১৩)··কৃত্বা কুশলসংপ্রশ্নং—নি। (১৫)···মুদান্বিতৌ—নি।

স বভৌ রাজমধ্যস্থো নীলবাসাঃ সিতপ্রভঃ।
দিবীব নক্ষত্রগণৈঃ পরিকীর্ণো নিশাকরঃ ॥১৮॥
ততস্তয়োঃ সন্নিপাতস্তুমুলো লোমহর্ষণঃ।
আসীদন্তকরো রাজন্! বৈরস্য তব পুত্রয়োঃ ॥১৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শল্যপর্ব্বণি গদাযুদ্ধে বলদেবাগমনে দ্বাত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

—— ⁘ ——

ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ।

——:-০-:——

জনমেজয় উবাচ।
পূর্ব্বমেব যদা রামস্তস্মিন্ যুদ্ধ উপস্থিতে।
আমন্ত্র্য কেশবং যাতো বৃষ্ণিভিঃ সহিতঃ প্রভুঃ ॥১॥

ভারতকৌমুদী

তেষামিতি। কেশবস্য পূর্ব্বজো জ্যেষ্ঠভ্রাতা বলদেবঃ। ন্যবিশদুপাবিশৎ ॥১৭॥
স ইতি। সিতপ্রভঃ শুভ্রকান্তিঃ। পরিকীর্ণঃ পরিবেষ্টিতঃ ॥১৮॥
তত ইতি। সন্নিপাতো যুদ্ধসঙ্ঘর্ষঃ। পুত্রয়োর্ভীমদুর্য্যোধনয়োঃ ॥১৯॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শল্যপর্ব্বণি গদাযুদ্ধে দ্বাত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

——:০:——

পরে মহাবাহু বলরাম তাঁহাদের মধ্যে উপবেশন করিলেন এবং মহারথেরা তাঁহার সম্মান করিতে লাগিলেন ॥১৭॥

তৎকালে নীলবসনধারী ও শুভ্রকান্তি বলরাম রাজাদের মধ্যে থাকিয়া আকাশে নক্ষত্রপরিবেষ্টিত চন্দ্রের ন্যায় শোভা পাইতে থাকিলেন ॥১৮॥

রাজা! তাহার পর আপনার পুত্রদ্বয়ের (ভীম ও দুর্য্যোধনের) শত্রুতার অবসানকারী তুমুল ও লোমহর্ষণ যুদ্ধ হইতে লাগিল' ॥১৯॥

——০:⁘:০——

(১৮)…পরিবীতো নিশাকরঃ নি। (২০) বৈরস্যান্তং বিধিৎসয়োঃ নি। * '…চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ…' পি বঙ্গ বর্দ্ধ বা সো নি।

সাহায্যং ধার্ত্তরাষ্ট্রস্য ন চ কর্ত্তাস্মি কেশব ! ।
ন চৈব পাণ্ডুপুত্ত্রাণাং গমিষ্যামি যথাগতম্ ॥২॥
এবমুক্ত্বা তদা রামো যাতঃ শত্রুনিবর্হণঃ।
তস্য চাগমনং ভূয়ো ব্রহ্মন্ ! শংসিতুমর্হসি ॥৩॥ (বিশেষকম্)
আখ্যাহি মে বিস্তরশঃ কথং রাম উপস্থিতঃ।
কথঞ্চ দৃষ্টবান্ যুদ্ধং কুশলো হ্যসি মে মতঃ ॥৪॥

বৈশম্পায়ন উবাচ।

উপপ্লব্যনিবিষ্টেষু পাণ্ডবেষু মহাত্মসু।
প্রেষিতো ধৃতরাষ্ট্রস্য সমীপং মধুসূদনঃ।
শমং প্রতি মহাবাহো ! হিতার্থং সর্ব্বদেহিনাম্ ॥৫॥

ভারতকৌমুদী

এতাবতা সঞ্জয়ধৃতরাষ্ট্রসংবাদেন গদাযুদ্ধং প্রস্তুত্য প্রসঙ্গাজ্জনমেজয়বৈশম্পায়নসংবাদেন বলদেবতীর্থযাত্রাং বর্ণয়িতুমুপক্রমতে জনমেজয় উবাচ। পূর্ব্বমিতি। আমন্ত্র্য বিজ্ঞাপ্য, যাতস্তীর্থপর্য্যটনায় প্রস্থিতঃ, প্রভুর্বলপ্রভাবশালী। কিমামন্ত্র্যেত্যাহ সাহায্যমিতি। যথাগতং যথেচ্ছম্। শত্রূণাং নিবর্হণঃ দময়িতা ॥১—৩॥

আখ্যাহীতি। কুশলো বৃত্তান্তকথননিপুণঃ ॥৪॥

উপেতি। উপপ্লব্যে বিরাটনগরবিশেষে নিবিষ্টেষু স্থিতেষু। প্রেষিতঃ পাণ্ডবৈঃ। শমং প্রতি সন্ধিবিষয়ে। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৫॥

জনমেজয় বলিলেন—'মহর্ষি! 'কৃষ্ণ! আমি দুর্য্যোধনেরও সাহায্য করিব না এবং যুধিষ্ঠিরেরও সাহায্য করিব না, কিন্তু আমি আপন ইচ্ছানুসারে দেশ ভ্রমণ করিব' কুরুপাণ্ডবের যুদ্ধ উপস্থিত হইলে, কৃষ্ণকে উক্তরূপ জানাইয়া, প্রভাবশালী ও শত্রুদমনকারী বলরাম বৃষ্ণিবংশীয়গণের সহিত মিলিত হইয়া যখন দ্বারকা হইতে প্রস্থান করিয়াছিলেন, তখন আবার তিনি কেন কুরুক্ষেত্রে আসিলেন, তাহা আপনি আমার নিকট বলুন ॥১—৩॥

মহর্ষি! আমার মতে—আপনি বৃত্তান্ত বলিতে বড়ই নিপুণ; অতএব বিস্তরক্রমে বলুন—বলরাম কুরুক্ষেত্রে কেন আসিলেন এবং কি ভাবেই বা যুদ্ধদর্শন করিলেন' ॥৪॥

বৈশম্পায়ন বলিলেন—মহাবাহু জনমেজয়! মহাত্মা পাণ্ডবেরা উপপ্লব্যনগরে থাকিতে তাঁহারা সমস্ত প্রাণীর মঙ্গলের নিমিত্ত সন্ধিস্থাপনের উদ্দেশ্যে হস্তিনানগরে ধৃতরাষ্ট্রের নিকটে কৃষ্ণকে প্রেরণ করিয়াছিলেন ॥৫॥

(৪) ..কুশলো হ্যসি সম্মতঃ…পি। (৫) উপপ্লব্যে নিবিষ্টেষু…পি, উপপ্লাব্যে নিবিষ্টেষু…নি।

স গত্বা হাস্তিনপুরং ধৃতরাষ্ট্রং সমেত্য চ।
উক্তবান্ বচনং তথ্যং হিতঞ্চৈব বিশেষতঃ।
ন চ তৎ কৃতবান্ রাজা যথাখ্যাতং হি তৎ পুরা ॥৬॥
অনবাপ্য শমং তত্র কৃষ্ণঃ পুরুষসত্তমঃ।
আগচ্ছত মহাবাহুরুপপ্লব্যং জনাধিপ ! ॥৭॥
ততঃ প্রত্যাগতঃ কৃষ্ণো ধার্ত্তরাষ্ট্রবিসর্জ্জিতঃ।
অক্রিয়াবান্ নরব্যাঘ্র ! পাণ্ডবানিদমব্রবীৎ ॥৮॥
ন কুর্বন্তি বচো মহ্যং কুরবঃ কালচোদিতাঃ।
নির্গচ্ছধ্বং পাণ্ডবেয়াঃ ! পুষ্যেণ সহিতা ময়া ॥৯॥
ততো বিভজ্যমানেষু বলেষু বলিনাং বরঃ।
প্রোবাচ ভ্রাতরং কৃষ্ণং রৌহিণেয়ো মহামনাঃ ॥১০॥

ভারতকৌমুদী

স ইতি। তথ্যং সত্যম্। আখ্যাতং কৃষ্ণেন, পুরা পূর্বম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৬॥
অনবাপ্যেতি। শমং সন্ধিস্বীকারেণ শান্তিস্বীকারম্ ॥৭॥
তত ইতি। অক্রিয়াবান্ দুর্য্যোধনেন সন্ধ্যনঙ্গীকারাৎ অকৃতকার্য্যঃ ॥৮॥
নেতি। মহ্যং মম, কালেন চোদিতা মরণায় প্রেরিতাঃ ॥৯॥
তত ইতি। বিভজ্যমানেষু উভয়পক্ষে দানায় বিভক্তিক্রিয়মাণেষু, বলেষু সৈন্যেষু ॥১০॥

কৃষ্ণ হস্তিনাপুরে যাইয়া ধৃতরাষ্ট্রের নিকট উপস্থিত হইয়া, বিশেষভাবে হিতজনক ও সত্য বাক্য সকল বলিলেন; কিন্তু পূর্ব্বে কৃষ্ণ যাহা বলিলেন, রাজা ধৃতরাষ্ট্র তাহা করিলেন না ॥৬॥

রাজা! মহাবাহু ও পুরুষশ্রেষ্ঠ কৃষ্ণ সেস্থানে সন্ধির অঙ্গীকার না পাইয়া, পুনরায় উপপ্লব্যনগরে ফিরিয়া আসিলেন ॥৭॥

নরশ্রেষ্ঠ! তাহার পর দুর্য্যোধন বিদায় করিলে, কৃষ্ণ অকৃতকার্য্য হইয়া ফিরিয়া আসিয়া পাণ্ডবগণকে এই কথা বলিলেন—॥৮॥

'পাণ্ডবগণ! কৌরবেরা কালপ্রেরিত হইয়া আমার বাক্য অনুসারে সন্ধি করিতে স্বীকার করিল না, অতএব আপনারা আমার সহিত মিলিত হইয়া এই পুষ্যানক্ষত্রেই যুদ্ধার্থ নির্গত হউন' ॥৯॥

তদনন্তর কৃষ্ণ সৈন্য বিভাগ করিতে লাগিলে, বলিশ্রেষ্ঠ ও প্রশস্তচিত্ত বলরাম ভ্রাতা কৃষ্ণকে বলিলেন—॥১০॥

(৬)···হি তে পুরা···পি বঙ্গ বর্দ্ধ। (৮)···অক্রিয়ায়াং···বর্দ্ধ নি।

তেষামপি মহাবাহো! সাহায্যং মধুসূদন!।
ক্রিয়তামিতি তৎ কৃষ্ণো নাস্য চক্রে বচস্তদা ॥১১॥
ততো মন্যুপরীতাত্মা জগাম যদুনন্দনঃ।
তীর্থযাত্রাং হলধরঃ সরস্বত্যাং মহাযশাঃ ॥১২॥
মৈত্রনক্ষত্রযোগেন সহিতঃ সর্বযাদবৈঃ।
আশ্রয়ামাস ভোজস্তু দুর্য্যোধনমরিন্দমম্।
যুযুধানেন সহিতো বাসুদেবস্তু পাণ্ডবান্ ॥১৩॥
রৌহিণেয়ে গতে শূরে পুষ্যেণ মধুসূদনঃ।
পাণ্ডবেয়ান্ পুরস্কৃত্য যযাবভিমুখঃ কুরূন্ ॥১৪॥
গচ্ছন্নেব পথিস্থস্তু রামঃ প্রেষ্যানুবাচ হ।
সম্ভারাংস্তীর্থযাত্রায়াঃ সর্ব্বোপকরণানি চ।
আনয়ধ্বং দ্বারকায়ামগ্নীন্ বৈ যাজকাংস্তথা ॥১৫॥

ভারতকৌমুদী

তেষামিতি। তেষাং পাণ্ডবানাম্। অস্য রৌহিণেয়স্য ॥১১॥

তত ইতি। মন্যুনা কৃষ্ণকর্ত্তৃকস্বমতপরিত্যাগাৎ দৈন্যেন পরীতাত্মা ব্যাপ্তচিত্তঃ ॥১২॥

মৈত্রেতি। মৈত্রনক্ষত্রমনুরাধা তদ্‌যোগেন। ভোজঃ কৃতবর্ম্মা। যুযুধানেন সাত্যকিনা। অত্রেদমবধেয়ম্—আদৌ বলদেবঃ পুষ্যানক্ষত্রে তীর্থপর্য্যটনায় দ্বারকাতো গতঃ; তদনন্তরং তদ্দশমদিনে অনুরাধানক্ষত্রে কৃতবর্ম্মা দুর্য্যোধনপক্ষং কৃষ্ণঃ সাত্যকিশ্চ পাণ্ডবপক্ষমাশ্রয়িতুং দ্বারকাতো জগ্মুরিতি। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৩॥

রৌহিণেয় ইতি। রৌহিণেয়ঃ রামঃ। পুরস্কৃত্য উদ্দিশ্য। সাত্যকিরপি ॥১৪॥

গচ্ছন্নিতি। প্রেষ্যান্ ভৃত্যান্। সম্ভারাং প্রয়োজনীয় দ্রব্যাণি। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥১৫॥

'মহাবাহু মধুসূদন! পাণ্ডবদেরও সাহায্য কর'। কিন্তু কৃষ্ণ তাঁহার সে কথা রক্ষা করিলেন না ॥১১॥

তাহার পর পুষ্যানক্ষত্রে যশস্বী যদুনন্দন বলরাম (কৃষ্ণ নিজ মত পরিত্যাগ করায়) দুঃখিত হইয়া, তীর্থপর্য্যটনের জন্য সরস্বতীনদীতে গমন করিলেন ॥১২॥

তৎপরে অনুরাধানক্ষত্রে কৃতবর্ম্মা বহুতর যাদবসৈন্যের সহিত মিলিত হইয়া শত্রুদমনকারী দুর্য্যোধনের পক্ষে যাইবার জন্য প্রস্থান করিলেন; আর কৃষ্ণ ও সাত্যকি পাণ্ডবগণের পক্ষে চলিলেন ॥১৩॥

বীর বলরাম পুষ্যানক্ষত্রে প্রস্থান করিলে, কৃষ্ণ ও সাত্যকি পাণ্ডবপক্ষ লক্ষ্য করিয়া কুরুদেশের প্রতি অনুরাধানক্ষত্রে দ্বারকা হইতে নির্গত হইলেন ॥১৪॥

(১৩) মৈত্রনক্ষত্রযোগেষু···ভোজস্তু পি,···দুর্য্যোধনমরিন্দমঃ···নি।

সুবর্ণং রজতঞ্চৈব ধেনূর্বাসাংসি বাজিনঃ।
কুঞ্জরাংশ্চ রথাংশ্চৈব খরোষ্ট্রবাহনানি চ ॥১৬॥
ক্ষিপ্রমানীয়তাং সর্ব্বং তীর্থহেতোঃ পরিচ্ছদম্।
প্রতিস্রোতঃ সরস্বত্যা গচ্ছধ্বং শীঘ্রগামিনঃ ॥১৭॥ (যুগ্মকম্)
ঋত্বিজশ্চানয়ধ্বং বৈ শতশশ্চ দ্বিজর্ষভান্।
এবং সন্দিশ্য তু প্রেষ্যান্ বলদেবো মহাবলঃ ॥১৮॥
তীর্থযাত্রাং যযৌ রাজন্! কুরূণাং বৈশসে তদা।
সরস্বতীং প্রতিস্রোতঃ সমুদ্রাদভিজগ্মিবান্ ॥১৯॥ (যুগ্মকম্)
ঋত্বিগ্‌ভিশ্চ সুহৃদ্ভিশ্চ তথান্যৈর্দ্বিজসত্তমৈঃ।
রথৈর্গজৈস্তথাশ্বৈশ্চ প্রেষ্যৈশ্চ ভরতর্ষভ!।
গোখরোষ্ট্রপ্রযুক্তৈশ্চ যানৈশ্চ বহুভির্বৃতঃ ॥২০॥

ভারতকৌমুদী

সুবর্ণমিতি। খরা গর্দ্দভা উষ্ট্রাশ্চ বাহনানীতি খরোষ্ট্রবাহনানি। পরিচ্ছদং বসনাদিকম্। প্রতিস্রোতগমনাদেশস্তু অবস্থিতিস্থানানুসন্ধানার্থঃ ॥১৬—১৭॥

ঋত্বিজ ইতি। ঋত্বিজঃ পুরোহিতান্। বিশসন্তি হিংসন্তীতি বিশসা যোদ্ধারস্তেষামিদমিতি বৈশসং যুদ্ধং তস্মিন্ কুরুপাণ্ডবযুদ্ধপ্রাক্‌কাল ইত্যর্থঃ ॥১৮—১৯॥

ঋত্বিগ্‌ভিরিতি। প্রেষ্যৈর্দাসৈঃ। অভিজগ্মিবানিত্যনুবৃত্তিঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২০॥

বলরাম নির্গত হইয়া পথে ভৃত্যগণকে বলিলেন—'তীর্থযাত্রার প্রয়োজনীয় দ্রব্য, সমস্ত উপকরণ, অগ্নি ও পুরোহিতগণকে দ্বারকায় আনয়ন কর ॥১৫॥

সুবর্ণ, রৌপ্য, ধেনু, বস্ত্র, অশ্ব, হস্তী, রথ, গর্দ্দভ, উষ্ট্র—এই সমস্ত বস্তু এবং তীর্থে পরিধানোপযোগী বস্ত্র সত্বর আনয়ন কর; দ্রুতগামী লোকেরা সরস্বতীনদীর স্রোতে প্রতিকূলে গমন কর' ॥১৬—১৭॥

'পুরোহিত এবং শত শত ব্রাহ্মণশ্রেষ্ঠকে আনয়ন কর' এইরূপে ভৃত্যগণকে আদেশ করিয়া মহাবল বলরাম কুরুক্ষেত্রযুদ্ধারম্ভের পূর্ব্বে তীর্থপর্য্যটনের জন্য গমন করিলেন এবং রাজা! তিনি সমুদ্র হইতে সরস্বতীনদীর স্রোতের প্রতিকূল দিকে গমন করিতে লাগিলেন ॥১৮—১৯॥

ভরতশ্রেষ্ঠ! তৎকালে তিনি—পুরোহিত, বন্ধু, ব্রাহ্মণশ্রেষ্ঠ, রথ, হস্তী, অশ্ব, দাস এবং গরু, গর্দ্দভ ও উষ্ট্রচালিতযানে পরিবেষ্টিত ছিলেন ॥২০॥

(১৯)···সমস্তাদভিজগ্মিবান্···পি বঙ্গ বর্দ্ধ বা।

শ্রান্তানাং ক্লান্তবপুষাং শিশূনাং বিপুলায়ুষাম্।
দেশে দেশে তু দেয়ানি দানানি বিবিধানি চ।
অর্চ্চায়ৈ চার্থিনাং রাজন্! কৢপ্তানি বহুশস্তথা ॥২১॥
যো যো যত্র দ্বিজো ভোজ্যং ভোক্তুং কাময়তে তদা।
তস্য তস্য তু তত্রৈবমুপাজহ্রুস্তদা নৃপ! ॥২২॥
তত্র স্থিতা নরা রাজন্! রৌহিণেয়স্য শাসনাৎ।
ভক্ষ্যপেয়স্য কুর্ব্বন্তি রাশীংস্তত্র সমন্ততঃ ॥২৩॥
বাসাংসি চ মহার্হাণি পর্য্যঙ্কাস্তরণানি চ।
পূজার্থং তত্র কৢপ্তানি বিপ্রাণাং সুখমিচ্ছতাম্ ॥২৪॥
যত্র যঃ স্বপতে বিপ্রো যো বা জাগর্ত্তি ভারত!।
তত্র তত্রৈব সর্ব্বস্য কৢপ্তং সর্বমপশ্যত ॥২৫॥

ভারতকৌমুদী

শ্রান্তানামিতি। বিপুলায়ুষাম্ অধিকবয়সাং বৃদ্ধানামিত্যর্থঃ। অর্চ্চায়ৈ অর্চ্চ এব সন্তোষায়, কৢপ্তানি রামসহচরৈঃ সম্পাদিতানি। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥২১॥

য ইতি। ভোজ্যং খাদ্যম্। উপাজহ্রুঃ রামসহচরাঃ দদুঃ ॥২২॥

তত্রেতি। রৌহিণেয়স্য রামস্য, শাসনাদাদেশাৎ ॥২৩॥

বাসাংসীতি। মহার্হাণি মহামূল্যানি। পূজার্থং সন্তোষার্থম্, কৢপ্তানি সম্পাদিতানি ॥২৪॥

যত্রেতি। যত্র যাদৃশ্যাং শয্যায়াম্, স্বপতে স্বপিতি। অপশ্যত রামঃ ॥২৫॥

রাজা! তখন বলরামের সহচরেরা দেশে দেশে শ্রান্ত, ক্লান্ত, শিশু, বৃদ্ধ ও প্রার্থিগণের সন্তোষ বিধানের জন্য বহুতর নানাবিধ দ্রব্য দান করিতে থাকিল ॥২১॥

রাজা! সেই সময়ে যে যে দেশে যে যে ব্রাহ্মণ যে যে খাদ্য চাহিতে লাগিলেন, বলরামের সহচরেরা সেই সেই দেশে সেই সেই ব্রাহ্মণকে সেই সেই খাদ্যই দিতে লাগিল ॥২২॥

রাজা! তত্রত্য লোকেরা বলরামের আদেশে সর্ব্বত্রই রাশি রাশি খাদ্য ও পানীয় দ্রব্য সম্পন্ন করিত ॥২৩॥

সুখাভিলাষী ব্রাহ্মণগণের সন্তোষের জন্য মহামূল্য বস্ত্র সকল পর্য্যঙ্কের উপরে আস্তৃত করিয়া দিত ॥২৪॥

ভরতনন্দন! যে ব্রাহ্মণ যেরূপ শয্যায় শয়ন করিতেন এবং যে ব্রাহ্মণ

(২১) ··অর্চ্চা বৈ চার্থিনাং রাজন্!···কৢপ্তান্ রববরৈস্তথা—পি। (২২)···উপচক্রুস্তদা নৃপ!—পি।

যথাসুখং জনঃ সর্ব্বো যাতি তিষ্ঠতি বৈ তদা।
যাতুকামস্য যানানি পানানি তৃষিতস্য চ ॥২৬॥
বুভুক্ষিতস্য চান্নানি স্বাদূনি ভরতর্ষভ!।
উপাজহ্রুর্নরাস্তত্র বস্ত্রাণ্যাভরণানি চ ॥২৭॥
স পন্থাঃ প্রবভৌ রাজন্! সর্বস্যৈব সুখাবহঃ।
স্বর্গোপমস্তদা বীর! নরাণাং তত্র গচ্ছতাম্ ॥২৮॥
নিত্যপ্রমুদিতোপেতঃ স্বাদুভক্ষ্যো জলান্বিতঃ।
বিপণ্যাপণপণ্যানাং নানাজনশতৈর্বৃতঃ।
নানাদ্রুমলতোপেতো নানারত্নবিভূষিতঃ ॥২৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

যথেতি। যাতুকামস্য সহচরভাবেন। পানানি পেয়দ্রব্যাণি ॥২৬॥

বুভুক্ষিতস্যেতি। বুভুক্ষা ভোজনেচ্ছা অস্য সঞ্জাতেতি বুভুক্ষিতস্তস্য ॥২৭॥

স ইতি। স্বর্গোপমঃ স্বর্গীয়পথতুল্যঃ। নিত্যং প্রমুদিতেন আনন্দেনোপেতঃ, স্বাদূনি ভক্ষ্যাণি যস্য সঃ। বিপণয়ো বিক্রেয়দ্রব্যাণাং শ্রেণয়শ্চ আপণাঃ ক্রয়বিক্রয়গৃহাণি চ পণ্যানি বিকীর্ণানি বিক্রেয়দ্রব্যাণি চ তেষাম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৮—২৯॥

জাগিয়া থাকিতেন, তাঁহাদের সকলেরই সমস্ত স্থানে প্রয়োজনীয় দ্রব্যসমূহ প্রস্তুত দেখা যাইত ॥২৫॥

তৎকালে সমস্ত লোকই যথাসুখে গমন করিত এবং স্থানে স্থানে অবস্থান করিত; গমনার্থী লোকদিগের যান-বাহন এবং তৃষিত লোকদিগের পানীয় দ্রব্য সম্পাদিত হইত ॥২৬॥

ভরতশ্রেষ্ঠ! তখন বলরামের ভৃত্যেরা ভোজনার্থী লোকদিগের সুস্বাদু অন্ন, বস্ত্র ও অলঙ্কার আনয়ন করিয়া দিত ॥২৭॥

রাজা! বলরামের সেই তীর্থযাত্রার পথ সকল সমস্ত লোকেরই সুখজনক হইত। কারণ, বীর! গমনকারী সহচরগণের মনে সেই পথগুলি স্বর্গীয়পথের তুল্য বলিয়া ধারণা হইত; সর্ব্বদা আনন্দের প্রবাহ চলিতে থাকিত, সুস্বাদু খাদ্য সকল পাওয়া যাইত; নির্ম্মল জল মিলিত, বিক্রেয় দ্রব্যের শ্রেণী, ক্রয়-বিক্রয়ের গৃহ ও বিক্ষিপ্ত বিক্রেয় দ্রব্যের নানাবিধ লোক সঙ্গে সঙ্গে চলিত; নানাবিধ বৃক্ষ ও লতা দেখা যাইত এবং কোথাও কোথাও নানাবিধ রত্ন দৃষ্টিগোচর হইত ॥২৮—২৯॥

---

(২৫) যত্র যঃ স্বদতে বিপ্রঃ ক্ষত্রিয়ো বাপি ভারত!। তত্র তত্রৈব তস্যৈব সর্বং ক্লৃপ্ত-মদৃশ্যত ॥—পি বঙ্গ বর্দ্ধ। (২৯)···শুভান্বিতঃ···পি বঙ্গ বর্দ্ধ।

ততো মহাত্মা নিয়মে স্থিতাত্মা পুণ্যেষু তীর্থেষু বসূনি রাজন্!।
দদৌ দ্বিজেভ্যঃ ক্রতুদক্ষিণাশ্চ যদুপ্রবীরো হলভৃৎ প্রতীতঃ ॥৩০॥
দোগ্ধ্রীশ্চ ধেনূশ্চ সহস্রশো বৈ সুবাসসঃ কাঞ্চনবদ্ধশৃঙ্গীঃ।
হয়াংশ্চ নানাবিধদেশজাতান্ যানানি দাসাংশ্চ শুভান্ দ্বিজেভ্যঃ ॥৩১॥
(যুগ্মকম্)

রত্নানি মুক্তামণিবিদ্রুমঞ্চাপ্যগ্র্যং সুবর্ণং রজতং সুশুদ্ধম্।
অয়স্ময়ং তাম্রময়ঞ্চ ভাণ্ডং দদৌ দ্বিজাতিপ্রবরেষু রামঃ ॥৩২॥
এবং স বিত্তং প্রদদৌ মহাত্মা সরস্বতীতীর্থবরেষু ভূরি।
যযৌ ক্রমেণাপ্রতিমপ্রভাবস্ততঃ কুরুক্ষেত্রমুদারবৃত্তিঃ ॥৩৩॥

জনমেজয় উবাচ।

সারস্বতানাং তীর্থানাং গুণোৎপত্তিং বদস্ব মে।
ফলঞ্চ দ্বিপদাং শ্রেষ্ঠ! কর্ম্মনির্বৃত্তিমেব চ ॥৩৪॥

ভারতকৌমুদী

তত ইতি। নিয়মে জপোপবাসাদৌ। বসূনি ধনানি। ক্রতূনাং যজ্ঞানাং দক্ষিণাঃ প্রতীতঃ সন্তুষ্টচিত্তঃ। দোগ্ধ্রীঃ বহুক্ষীরাঃ, সুবাসসঃ সুন্দরবস্ত্রৈরাবৃতদেহাঃ, কাঞ্চনেন সুবর্ণেন বদ্ধানি বেষ্টিতানি শৃঙ্গাণি যাসাং তাঃ। দ্বিজেভ্যো দদাবিতি সম্বন্ধঃ ॥৩০—৩১॥

রত্নানীতি। অগ্র্যমুত্তমম্, সুশুদ্ধং সর্বথা ধাত্বন্তরৈরমিশ্রিতম্। অয়স্ময়ং লৌহময়ম্, ভাণ্ডং ভাজনম্ ॥৩২॥

এবমিতি। বিত্তং ধনম্। উদারবৃত্তিঃ প্রশস্তব্যবহারঃ ॥৩৩॥

সারস্বতানামিতি। দ্বিপদাং মনুষ্যাণাং শ্রেষ্ঠঃ। সরস্বত্যা ইমানীতি সারস্বতানি তেষাম্,

রাজা! তাহার পর মহাত্মা, নিয়মাবলম্বী, যদুবংশমধ্যে প্রধান বীর ও সন্তুষ্টচিত্ত বলরাম পবিত্র তীর্থসমূহে ব্রাহ্মণদিগকে ধন, যজ্ঞের দক্ষিণা এবং বহু দুগ্ধবতী, সুন্দর বস্ত্রাবৃত ও স্বর্ণশৃঙ্গি সহস্র সহস্র ধেনু, নানাদেশোৎপন্ন অশ্ব, যান ও শুভলক্ষণসম্পন্ন দাস দান করিতে থাকিলেন ॥৩০—৩১॥

ক্রমে বলরাম শ্রেষ্ঠ ব্রাহ্মণদিগকে রত্ন, মুক্তা, মণি, প্রবাল, উত্তম সুবর্ণ, বিশুদ্ধ রৌপ্য এবং লৌহময় ও তাম্রময় ভাণ্ড সকল দান করিতে লাগিলেন ॥৩২॥

অতুলনীয়প্রভাবশালী, প্রশস্তচরিত্র ও মহাত্মা বলরাম এইভাবে সরস্বতীনদীর বিভিন্ন তীর্থে প্রচুর ধন দান করিলেন। পরে ক্রমে ক্রমে কুরুক্ষেত্রে যাইয়া উপস্থিত হইলেন ॥৩৩॥

(৩০)···নিয়তো মনস্বিনাং···নি। (৩২)··শৃঙ্গীঃ সুবর্ণং রজতং সুশুদ্ধম্···পি,···শৃঙ্গীসুবর্ণং রজতং সুশৃঙ্গম্···বর্দ্ধ।

যথাক্রমেণ ভগবন্! তীর্থানামনুপূর্বশঃ।
ব্রূহি ব্রহ্মবিদাং শ্রেষ্ঠ! পরং কৌতূহলং হি মে ॥৩৫॥

বৈশম্পায়ন উবাচ।

তীর্থানাং বিস্তরং রাজন্! গুণোৎপত্তিঞ্চ সর্বশঃ।
ময়োচ্যমানং বৈ পুণ্যং শৃণু রাজেন্দ্র! কৃৎস্নশঃ ॥৩৬॥
পূর্বং মহারাজ! যদুপ্রবীর ঋত্বিক্সুহৃদ্বিপ্রগণৈশ্চ সার্দ্ধম্।
পুণ্যং প্রভাসং সমুপাজগাম যত্রোড়ুরাড্ যক্ষ্মণা ক্লিশ্যমানঃ ॥৩৭॥
বিমুক্তশাপঃ পুনরাপ্য তেজঃ সর্বং জগদ্ভাসয়তে নরেন্দ্র!।
এবন্তু তীর্থপ্রবরং পৃথিব্যাং প্রভাসনাত্তস্য ততঃ প্রভাসঃ ॥৩৮॥

ভারতকৌমুদী

তীর্থানাং পুণ্যস্থানানাম্। গুণস্য উৎকর্ষস্য উৎপত্তিম্। তদ্বিহিতকর্ম্মণঃ ফলঞ্চ, কর্ম্ম তত্র তত্র বিহিতং কার্য্যং নির্বৃত্তিং তেষাং পুণ্যতানিষ্পত্তিঞ্চ মে বদস্ব ॥৩৪॥

যথেতি। যথাক্রমেণ বলদেবস্য প্রাপ্তিক্রমেণ, অনুপূর্ব্বশঃ আনুপূর্ব্বীম্ ॥৩৫॥

তীর্থানামিতি। গুণস্য উৎকর্ষস্য উৎপত্তিম্ ॥৩৬॥

পূর্ব্বমিতি। যদুপ্রবীরো রামঃ। প্রভাসং নাম তীর্থম্। উড়ুরাট্ নক্ষত্রেশশ্চন্দ্রঃ, যক্ষ্মণা যক্ষ্মরোগেণ, ক্লিশ্যমান আসীদিতি শেষঃ ॥৩৭॥

ভারতভাবদীপঃ

পূর্ব্বমিতি ॥১—৭॥ অক্রিয়ায়াং সন্ধিকার্য্যানিষ্পত্তৌ ॥৮—১২॥ মৈত্রনক্ষত্রযোগে অনুরাধায়াম্, ভোজঃ কৃতবর্ম্মা ॥১৩॥ পুষ্যেণ হি পাণ্ডবেভ্যঃ প্রয়াণমনুরাধাতস্তীর্থযাত্রার্থমিতি বিবেকঃ ॥১৪—২৮॥ বিপণিঃ পণ্যবীথিকা, আপণা হট্টাঃ, পণ্যানি বিক্রেয়দ্রব্যাণি ॥২৯—৩৩॥ গুণান্ রমণীয়ত্বাদীন্, উৎপত্তিং সম্ভবম্, কর্ম্মনির্বৃত্তিং তীর্থযাত্রাবিধিসিদ্ধিম্ ॥৩৪॥ যথাক্রমেণ

জনমেজয় বলিলেন—'মনুষ্যশ্রেষ্ঠ মহর্ষি! সরস্বতীনদীর তীর্থগুলির উৎপত্তি, গুণ, বিহিতকার্য্য ও সেই সকল কার্য্যের ফল আপনি আমার নিকট বলুন ॥৩৪॥

বেদজ্ঞশ্রেষ্ঠ! যথাক্রমে সেই সকল তীর্থের নাম বলুন; তাহা শুনিবার জন্য আমার অত্যন্ত কৌতূহল জন্মিয়াছে' ॥৩৫॥

বৈশম্পায়ন বলিলেন—রাজা! আমি সরস্বতীর তীর্থগুলির উৎপত্তি, গুণ ও তাহার ফল বিস্তরক্রমে বলিতেছি; রাজশ্রেষ্ঠ! আপনি তাহা শ্রবণ করুন ॥৩৬॥

মহারাজ! পূর্ব্বকালে যেস্থানে চন্দ্র যক্ষ্মরোগে আক্রান্ত হইয়া কষ্ট ভোগ করিয়াছিলেন; যদুপ্রবীর বলরাম পুরোহিত, সুহৃদ্ ও ব্রাহ্মণগণের সহিত মিলিত হইয়া প্রথমে সেই পবিত্র প্রভাসতীর্থে গমন করিয়াছিলেন ॥৩৭॥

(৩৫)…ব্রহ্মন্! ব্রহ্মবিদাং শ্রেষ্ঠ!…পি বঙ্গ বর্দ্ধ। (৩৬)…ময়োচ্যমানং বৈ শৃণ্বন্ বৈ পুণ্যম্…পি। (৩৮) ইতঃ পরং '…পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ…' নি।

জনমেজয় উবাচ।

কিমর্থং ভগবান্ সোমো যক্ষ্মণা সমগৃহ্যত।
কথঞ্চ তীর্থপ্রবরে তস্মিংশ্চন্দ্রো ন্যমজ্জত ॥৩৯॥
কথমাপ্লুত্য তস্মিংস্তু পুনরাপ্যায়িতঃ শশী।
এতন্মে সর্বমাচক্ষ্ব বিস্তরেণ মহামুনে! ॥৪০॥

বৈশম্পায়ন উবাচ।

দক্ষস্য তনয়া যাস্তাঃ প্রাদুরাসন্ বিশাংপতে!।
স সপ্তবিংশতিং কন্যা দক্ষঃ সোমায় বৈ দদৌ ॥৪১॥
নক্ষত্রযোগনিরতাঃ সংখ্যানার্থঞ্চ তাভবন্।
পত্ন্যো বৈ তস্য রাজেন্দ্র! সোমস্য শুভকর্ম্মণঃ ॥৪২॥
তাস্তু সর্বা বিশালাক্ষ্যো রূপেণাপ্রতিমা ভুবি।
অত্যরিচ্যত তাসাস্তু রোহিণী রূপসম্পদা ॥৪৩॥

ভারতকৌমুদী

নম্বু তস্য প্রভাসেতি নাম কুত ইত্যাহ বিমুক্তেতি। ভাসয়তে উড়ুরাট্ ॥৩৮॥
কিমিতি। যক্ষ্মণা রোগেণ। ন্যমজ্জত স্নাতবান্ ॥৩৯॥
কথমিতি। আপ্লুত্য অবগাহ্য। আপ্যায়িতো বৃদ্ধিং প্রাপ্তঃ ॥৪০॥
দক্ষস্যেতি। তাসাং মধ্যে সপ্তবিংশতিম্ ॥৪১॥
নক্ষত্রেতি। নক্ষত্রযোগে দিনেষু নক্ষত্রসম্বন্ধে নিরতা ব্যাপৃতাঃ, সংখ্যানার্থং দিনসংখ্যা-নিরূপণার্থম্। তাভবন্নিতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ ॥৪২॥

নরশ্রেষ্ঠ! চন্দ্র দক্ষপ্রজাপতির শাপ হইতে বিমুক্ত হইয়া পুনরায় নিজের তেজ লাভ করিয়া সমস্ত জগৎ প্রকাশ করিতেছেন। চন্দ্র জগৎ প্রভাসিত করিয়াছিলেন বলিয়াই সেই তীর্থশ্রেষ্ঠের নাম হইয়াছে—'প্রভাস' ॥৩৮॥

জনমেজয় বলিলেন—'ভগবান্ চন্দ্রদেব যক্ষ্মরোগগ্রস্ত হইয়াছিলেন কেন? এবং কিপ্রকারেই বা তিনি সেই তীর্থশ্রেষ্ঠ প্রভাসে অবগাহন করিয়াছিলেন? ॥৩৯॥

মহর্ষি! চন্দ্র সেই তীর্থে অবগাহন করিয়া পুনরায় কি প্রকারে বৃদ্ধি পাইয়াছিলেন? বিস্তরক্রমে এই সকল বিষয় আমার নিকট বলুন' ॥৪০॥

বৈশম্পায়ন বলিলেন—নরনাথ! দক্ষপ্রজাপতির সেই যে অনেকগুলি কন্যা জন্মিয়াছিল; তাহার মধ্যে সাতাইশটী কন্যা তিনি চন্দ্রকে দান করিয়াছিলেন ॥৪১॥

রাজশ্রেষ্ঠ! শুভকার্য্যকারী চন্দ্রের সেই পত্নীগুলি দিনসংখ্যা নির্দ্দিষ্টী করণের জন্য প্রতিদিন নক্ষত্রের যোগসম্পাদনে ব্যাপৃত হইয়াছিল ॥৪২॥

ততস্তস্যাং স ভগবান্ প্রীতিঞ্চক্রে নিশাকরঃ।
সাস্য হৃদ্যা বভূবাথ তস্মাত্তাং বুভুজে সদা ॥৪৪॥
পুরা হি সোমো রাজেন্দ্র! রোহিণ্যামবসচ্চিরম্।
ততস্তাঃ কুপিতাঃ সর্বা নক্ষত্রাখ্যা মহাত্মনঃ ॥৪৫॥
তা গত্বা পিতরং প্রাহুঃ প্রজাপতিমতন্দ্রিতাঃ।
সোমো বসতি নাস্মাসু রোহিণীং ভজতে সদা ॥৪৬॥
তা বয়ং সহিতাঃ সর্বাস্ত্বৎসকাশে প্রজেশ্বর!।
